দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ২৫ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ০৭ রমজান ১৪৪৭ ॥ ১২ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৮৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

এবং যাদের প্রতি কিতাব দেয়া হয়েছে তাদের নিকট প্রকৃত জ্ঞান আসার পরও ওরা মতবিরোধে লিপ্ত হয়েছে, শুধুমাত্র পরস্পর বিদ্বেষবশতঃ, যারা আল্লাহর নিদর্শনসমূহের প্রতি কুফরী করে তাদের জানা উচিত যে, নিশ্চিতরূপে আল্লাহ হিসাব গ্রহণে অত্যন্ত দ্রুত

সূরা আল ইমরান- ১৯

১০ মার্চ ফ্যামিলি কার্ড বিতরণ উদ্বোধন করবেন তারেক রহমান

কীর্তনখোলা ডেস্ক

আগামী ১০ মার্চ ফ্যামিলি কার্ড বিতরণের কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার দুপুরে ২ এর পাতায় দেখুন

৫ আগস্টের পর কিছু নিরীহ লোককে আসামি করা হয়েছে

কীর্তনখোলা ডেস্ক

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, ২০২৪ সালের ৫ আগস্টের পর বেশকিছু মামলায় ব্যক্তিগত সুবিধা চরিতার্থ করার জন্য ২ এর পাতায় দেখুন



জাতি অবুঝ নয়, রাষ্ট্রপতির বক্তব্য নিয়ে জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক

সম্প্রতি জাতীয় একটি দৈনিকে সাক্ষাৎকার দিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। এতে তিনি নানান বিষয় উল্লেখ ২ এর পাতায় দেখুন

আইজিপি হলেন আলী হোসেন ফকির

কীর্তনখোলা ডেস্ক

আর্মড পুলিশ ব্যাটালিয়নের (এপিবিএন) প্রধান মো. আলী হোসেন ফকিরকে পদোন্নতি দিয়ে পুলিশ মহাপরিদর্শক ২ এর পাতায় দেখুন

আ.লীগ নেতা তালুকদার ইউনুসের জামিনের প্রতিবাদ

বিএনপিপন্থি আইনজীবীদের বিক্ষোভ, আদালত বর্জন

কীর্তনখোলা রিপোর্ট

আওয়ামী লীগ নেতার জামিনকে কেন্দ্র করে বরিশালে দুটি আদালতে বিক্ষোভ করেছেন বিএনপিপন্থি আইনজীবীরা। পরে একটি আদালতে বিচারকের উপস্থিতিতে হট্টগোলও হয়েছে। বরিশালের অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম আদালতে মঙ্গলবার দুপুরে এ ঘটনার সময় এজলাসের বেঞ্চ ও কিছু আসবাবপত্র এলেমেলো করে ফেলা হয়। উদ্ভূত পরিস্থিতিতে এজলাস ছেড়ে যান বিচারক। ঘটনার পর পুলিশের অপরাধ তদন্ত বিভাগ-সিআইডির একটি দল এজলাস থেকে আলামত সংগ্রহ করে। তবে বিষয়টি নিয়ে আদালত সংশ্লিষ্ট কেউ কথা বলতে চাননি। মুখ্য মহানগর হাকিম আদালতের নাজির কামরুল ইসলাম বলেন, "এ বিষয়ে আমরা কিছু বলতে পারব না। স্যারদের (বিচারক) কোনো নির্দেশনা নেই। এটা উচ্চ পর্যায়ে চলে গেছে। তারা এ বিষয়ে যে সিদ্ধান্ত দেবে, আমরা সেটাই পালন করব।" কোতোয়ালি মডেল থানার ওসি আল মামুন উল ইসলাম বলেন, "আইনজীবীরা আদালতে কর্মসূচি পালন করছেন শুনে এসেছিলাম। এসে দেখি পরিস্থিতি শান্ত।" আদালতে হট্টগোলের বিষয়ে জানতে চাইলে ওসি বলেন, "এজলাসে তখন আদালত পুলিশ ছিল, এ ব্যাপারে তারা ভালো বলতে পারবেন।" আর আদালত পুলিশের পরিদর্শক ২ এর পাতায় দেখুন

রমজানের শিক্ষা: ধৈর্যের কষ্টিপাথরে মুমিনের দৃঢ়তা

মাওলানা মোহাম্মদ ইউসুফ

পবিত্র মাহে রমজানের আজ ৭ম দিবস। সিয়াম কেবল পানাহার বর্জন নয়, বরং এটি মুমিনের জীবনের অন্যতম প্রধান গুণ সবর বা ধৈর্য চর্চার এক মহত্তম পাঠশালা। সারাদিন তীব্র ক্ষুধা ও তৃষ্ণায় কাতর থেকেও সামনে রাখা সুস্বাদু খাবার ও পানীয় স্পর্শ না করা মুমিনের এই যে অটল মানসিক দৃঢ়তা, এটাই হলো ধৈর্যের সর্বোচ্চ শিখর। মুমিনের ২ এর পাতায় দেখুন

জহির উদ্দিন স্বপনের নেতৃত্বে তথ্য ও সম্প্রচার খাতে নতুন ভোরের সূচনা

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের এক যুগান্তকারী সন্ধিক্ষণে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের উত্তাপ কাটিয়ে দেশ যখন পুনর্গঠনের পথে, তখন রাষ্ট্রীয় প্রচারযন্ত্র ও তথ্যপ্রবাহের গুরুদায়িত্ব কাঁধে তুলে নিয়েছেন বর্ষীয়ান রাজনীতিবিদ ও মিডিয়া কৌশলবিদ জহির উদ্দিন স্বপন। গত মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি ২০২৬) রাষ্ট্রপতি কর্তৃক শপথ গ্রহণের পর তিনি আনুষ্ঠানিকভাবে 'তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়'-এর পূর্ণ মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। তার সঙ্গে একই মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে যুক্ত হয়েছেন তথ্য-প্রযুক্তিনির্ভর আধুনিক প্রচার কৌশলের বিশেষজ্ঞ ইয়াসের খান চৌধুরী।

রাজনৈতিক বিশ্লেষক ও সুশীল সমাজের মতে, বাংলাদেশের গণমাধ্যম যখন দীর্ঘ সময় ধরে 'ভয়' এবং 'অনিশ্চয়তার' দোলাচলে ছিল, তখন জহির উদ্দিন স্বপনের মতো একজন পরিপক্ক নেতাকে এই দপ্তরের দায়িত্ব দেওয়া বর্তমান সরকারের এক দূরদর্শী 'মাস্টারস্ট্রোক'।

শপথ ও প্রত্যাশার মেলবন্ধন

জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় আয়োজিত জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানে শপথ নেওয়ার পর থেকেই জহির উদ্দিন স্বপনকে ঘিরে নতুন আশার আলো দেখছে সংবাদকর্মীরা। তার দীর্ঘ সংসদীয় ক্যারিয়ার এবং বিএনপির 'মিডিয়া সেল'-এর প্রতিষ্ঠাতা হিসেবে তার সাফল্যই তাকে ২ এর পাতায় দেখুন

আমতলীতে পুত্রবধূর মৃত্যুর খবর শুনে শ্বশুরের মৃত্যু

আমতলী প্রতিনিধি

আমতলী উপজেলার হলদিয়া ইউনিয়নের তক্তাবুনিয়া গ্রামের সোহাগ প্যাদার স্ত্রী প্রসুতি লামিয়া বেগম (২০) মঙ্গলবার দুপুর অতিরিক্ত রক্তক্ষরণে মারা যান। তার মৃত্যুর খবর শুনে শ্বশুর মোস্তফা প্যাদা (৭০) ওইদিন বিকেলে মারা গেছেন। এ ঘটনায় এলাকায় চাঞ্চল্য ও শোকের মাতম বইছে। জানা গেছে, আমতলী উপজেলার হলদিয়া ২ এর পাতায় দেখুন

শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানসহ পরিবারের সকল সদস্যের রুহের মাগফেরাত ও প্রধানমন্ত্রী তারেক রহমানের সাফল্য কামনা করে মহানগর বিএনপির আহবায়ক মনিরুজ্জামান খান ফারুকের উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন অ্যাড. মজিবর রহমান সরোয়ার এমপি -কীর্তনখোলা

মেঘনায় জেলের জালে রাজা ইলিশ, পাল্টে গেলো দিনের হিসাব

ভোলা প্রতিনিধি

রোজার সকাল। নদীর বুকে নীরবতা, জালের টান আর অপেক্ষা। সেই অপেক্ষার অবসান ঘটিয়ে ভোলার মেঘনায় ধরা পড়েছে দেড় কেজি ওজনের একটি বড় ইলিশ স্থানীয়দের ভাষায় 'রাজা ইলিশ'। আর তাতেই বদলে গেছে এক জেলে পরিবারের দিনের হিসাব। (২৪ ফেব্রুয়ারি) সকালে ভোলা সদর উপজেলার ইলিশা ইউনিয়নের মেঘনা নদীর তীরবর্তী ভাংতিরখাল এলাকার জেলে আকবর মাঝি নিয়মিতের মতো জাল ফেলেন। ছোট-বড় বিভিন্ন আকারের ইলিশের সঙ্গে জালে উঠে আসে দেড় কেজির বিশাল আকৃতির একটি ইলিশ। ঘাটে মাছটি তোলার পর মুহূর্তেই কৌতূহলী ক্রেতা ও বিক্রেতাদের ভিড় জমে যায়। পরে মাছটি স্থানীয় ব্যবসায়ী রুবেল বেপারীর আড়তে ২ এর পাতায় দেখুন

বরিশাল সিটি কর্পোরেশনে প্রশাসক নিয়োগ নিয়ে গুঞ্জন, সিদ্ধান্তহীনতায় সরকার

কীর্তনখোলা রিপোর্ট

দেশের গুরুত্বপূর্ণ ছয়টি সিটি কর্পোরেশনে রাজনৈতিক ব্যক্তিদের পূর্ণকালীন প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হলেও বরিশাল সিটি কর্পোরেশন (বিসিসি) নিয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। গত দুদিন ধরে বরিশালের রাজনৈতিক অঙ্গন ও সামাজিক মাধ্যমে প্রশাসক পদের সম্ভাব্য নাম নিয়ে ব্যাপক গুঞ্জন ও বিভ্রান্তিকর তথ্য ছড়ালেও সরকারের পক্ষ থেকে এখন পর্যন্ত কোনো আনুষ্ঠানিক প্রজ্ঞাপন জারি করা হয়নি।

স্থানীয় কিছু সংবাদমাধ্যম এবং ফেসবুক পেজে বরিশালের কয়েকজন বিএনপির হেভিওয়েট নেতার নাম প্রশাসক হিসেবে প্রচার করা হচ্ছে। এমনকি কিছু ক্ষেত্রে নির্দিষ্ট কয়েকজনকে অভিনন্দন জানিয়ে পোস্ট দিতেও দেখা যাচ্ছে। তবে অনুসন্ধানে দেখা গেছে, গত ২২ ফেব্রুয়ারি স্থানীয় সরকার বিভাগ থেকে যে প্রজ্ঞাপনটি জারি করা হয়েছে, তাতে ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, খুলনা, সিলেট, নারায়ণগঞ্জ ও গাজীপুর এই ছয়টি সিটির নাম রয়েছে। তালিকায় বরিশালের কোনো উল্লেখ নেই। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, বরিশালের পরিস্থিতি অন্যান্য সিটির তুলনায় কিছুটা জটিল। এই সিটিতে বিএনপির একাধিক শীর্ষ নেতা রয়েছেন, যারা গত এক যুগেরও বেশি সময় ধরে রাজপথে সক্রিয় এবং চরম নির্যাতনের শিকার হয়েছেন। মহানগর বিএনপির সভাপতি থেকে শুরু করে সাবেক মেয়র পদপ্রার্থী এবং প্রভাবশালী ২ এর পাতায় দেখুন

রাজাপুরে ইয়াবা-গাঁজাসহ নিষিদ্ধ ছাত্রলীগ নেতা আটক

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে পুলিশের বিশেষ অভিযানে ইয়াবা ও গাঁজা নিয়ে মাদক ব্যবসায়ী নিষিদ্ধ ছাত্রলীগ নেতা মো. জায়েদ জোহা খানসহ দুজনকে আটক করেছে রাজাপুর থানা পুলিশ। এ সময় মাদক বিক্রিতে ব্যবহৃত দুটি মোবাইল ফোন ও নগদ টাকা জব্দ করা হয়। সোমবার (২৩ ফেব্রুয়ারি) রাতে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার বাঘরী এলাকা থেকে ইয়াবা ট্যাবলেট ২ এর পাতায় দেখুন

বরিশাল থেকে সংরক্ষিত আসনের এমপি হতে পারেন যারা

কীর্তনখোলা রিপোর্ট

সংরক্ষিত নারী আসনকে ঘিরে জাতীয় রাজনীতির পাশাপাশি বরিশালেও শুরু হয়েছে জোর আলোচনা। সরকার গঠনের পর সংরক্ষিত ৫০টি নারী আসনের নির্বাচন রমজান মাসের মধ্যেই অনুষ্ঠিত হতে পারে বলে আভাস দিয়েছে বাংলাদেশ নির্বাচন কমিশন। সেই লক্ষ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ত্যাগী ও আন্দোলন সংগ্রামে সক্রিয় নারী নেত্রীরা মনোনয়ন পাওয়ার দৌড়ে ইতোমধ্যে তৎপরতা শুরু করেছেন। দলীয় নেত্রীরা বলছেন, বিগত ১৭ বছর রাজপথে যাদের ভূমিকা ছিল ২ এর পাতায় দেখুন



রমজানে বাজার পরিস্থিতি নিয়ন্ত্রণে বরিশালে অভিযান

কীর্তনখোলা রিপোর্ট

রমজান মাসে বাজার পরিস্থিতি নিয়ন্ত্রণে বরিশালে অভিযান পরিচালনা করেছে র‍্যাব ও পুলিশ। গতকাল মঙ্গলবার দুপুর ১টায় নগরীর বাজার রোড এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। এসময় মূল্য তালিকায় যথাযথভাবে প্রদর্শন না করা, অতিরিক্ত দামে পণ্য বিক্রির অভিযোগ বেশ কয়েকটি দোকানে সতর্কতামূলক জরিমানা করা হয়। অবৈধভাবে পণ্য মজুদ করে কেউ যাতে বাজারে পণ্যের কৃত্রিম সংকট তৈরি না করে সে বিষয়ে সতর্ক করা হয়। বাজার নিয়ন্ত্রণে আগামীতেও এ অভিযান অব্যাহত থাকবে বলে ২ এর পাতায় দেখুন



নগরীর বাজার রোড এলাকায় ভ্রাম্যমান আদালতের অভিযান -কীর্তনখোলা

বিদ্যুতের দাম বেশি

ভারতের আদানির সঙ্গে চুক্তি পুনঃআলোচনা করতে চায় নতুন সরকার

কীর্তনখোলা ডেস্ক

ভারতের আদানি পাওয়ারের বিদ্যুতের দাম বেশি হওয়ায় প্রতিষ্ঠানটির সঙ্গে নতুন করে আলোচনা করতে চায় প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন নতুন সরকার। বিষয়টির সঙ্গে সংশ্লিষ্ট সূত্রের বরাতে মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) এ তথ্য জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম ব্লুমবার্গ। বিদ্যুৎ নিয়ে আলোচনার বিষয়টি বাংলাদেশের নতুন সরকারের অন্যতম নতুন উদ্যোগ বলে উল্লেখ করেছে সংবাদমাধ্যমটি। সংশ্লিষ্ট একটি সূত্র বলেছেন, আদানি বিদ্যুৎ উৎপাদনে যে কয়লা ব্যবহার করে সেটির দাম অনেক বেশি। ফলে বিদ্যুতের দামও বেশি হচ্ছে। যার ভার বহন করতে হচ্ছে বাংলাদেশকে। নাম প্রকাশ না করার শর্তে একটি সূত্র বলেছেন, নতুন সরকারের অন্যতম প্রধান এজেন্ডা হলো আদানির সঙ্গে দাম নিয়ে নতুন করে আলোচনা করা। তবে আদানির সঙ্গে বিষয়টি এখনো উত্থাপন করা হয়নি। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

দর-কষাকষির সুযোগ নিতে হবে

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পাল্টা শুল্ক বিশ্ববাণিজ্যে এক অস্থির অবস্থার সৃষ্টি করেছিল। সম্প্রতি মার্কিন সুপ্রিম কোর্ট এক রায়ে ট্রাম্পের ঘোষিত পাল্টা শুল্ক অবৈধ ঘোষণা করেছেন। এই রায়ের ফলে আগে ঘোষিত পাল্টা শুল্ক কার্যত বাতিল হয়ে গেলেও পরে নতুন নির্বাহী আদেশের মাধ্যমে সব দেশের ওপর আবারও ১৫ শতাংশ আমদানি শুল্ক আরোপ করেছেন ট্রাম্প। ফলে সামগ্রিক পরিস্থিতি এখনো পুরোপুরি পরিষ্কার নয় বলে মনে করছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা। বিশেষজ্ঞরা মনে করছেন, পুরো পরিস্থিতি গভীরভাবে পর্যালোচনা করতে হবে। এই পরিস্থিতিতে দর-কষাকষির সুযোগ তৈরি হতে পারে এবং বাংলাদেশকে তা দক্ষতার সঙ্গে কাজে লাগাতে হবে। বাংলাদেশের প্রধান রপ্তানি পণ্য তৈরি পোশাক। মোট রপ্তানির প্রায় ৯০ শতাংশ। আর তার প্রধান গন্তব্য যুক্তরাষ্ট্র। গত বছর দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নির্বাহী আদেশে বিভিন্ন দেশের ওপর পাল্টা শুল্ক আরোপ করেন। বাংলাদেশের ওপরও ২০ শতাংশ শুল্ক আরোপ করেন। আগের ১৫.১ শতাংশ যোগ হয়ে যুক্তরাষ্ট্রে বাংলাদেশি পণ্য রপ্তানিতে মোট শুল্ক দাঁড়ায় ৩৫.১ শতাংশ। এতে বাংলাদেশের রপ্তানি বাণিজ্য ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা তৈরি হয়। চাপ কাটাতে অন্তর্বর্তী সরকার যুক্তরাষ্ট্রের সঙ্গে নানা ধরনের চুক্তি করে। এতে পাল্টা শুল্ক ২০ থেকে কমিয়ে ১৯ শতাংশ করা হয়। অর্থাৎ বাংলাদেশি পণ্যে মোট শুল্ক দাঁড়ায় ৩৪.১ শতাংশ। তবে মার্কিন তুলায় পণ্য বানিয়ে তা রপ্তানি করলে শুল্ক শূন্য করারও আশ্বাস দেওয়া হয়। অন্যদিকে বাংলাদেশের প্রতিযোগী কিছু দেশে এই শুল্কের পরিমাণ বাংলাদেশের চেয়ে কম থাকায় তারা বিশেষ সুবিধা পাচ্ছিল। আদালতের রায়ে আগের শুল্কারোপ বাতিল হওয়া এবং নতুন করে সব দেশের জন্য সমান শুল্কারোপ হওয়ায় বাংলাদেশকে শুল্কবৈষম্যের শিকার হতে হবে না। কিন্তু বাংলাদেশকে পরিস্থিতি পর্যবেক্ষণ করে যেতে হবে এবং আলাপ-আলোচনার ভিত্তিতে কার্যকর পদক্ষেপ নিতে হবে। অর্থনৈতিক বিশ্লেষক মাশরুর রিয়াজ মনে করেন, মার্কিন আদালতের রায়ের ফলে আগে ঘোষিত পাল্টা শুল্ক কার্যত বাতিল হয়ে গেছে। তবে প্রেসিডেন্ট ট্রাম্প নতুন নির্বাহী আদেশের মাধ্যমে সব দেশের ওপর আবারও ১৫ শতাংশ শুল্ক আরোপ করেছেন। ফলে পরিস্থিতি পুরোপুরি পরিষ্কার হয়নি। তিনি বলেন, বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বিদ্যমান দ্বিপক্ষীয় বাণিজ্য কাঠামো থেকে সম্পূর্ণ বের হয়ে যাওয়ার পরিবর্তে যেসব ক্ষেত্রে বাংলাদেশের স্বার্থ ক্ষুণ্ন হয়েছে, সেগুলো নিয়ে নতুন করে দর-কষাকষিতে যাওয়া বেশি বাস্তবসম্মত হবে। নিট পোশাক খাতের শীর্ষ সংগঠন বিকেএমইএর সাবেক সভাপতি ফজলুল হক বলেন, মার্কিন সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষাপটে বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বিদ্যমান বাণিজ্যচুক্তিগুলো নতুন করে পর্যালোচনার সুযোগ তৈরি হয়েছে। তিনি বলেন, আদালতের রায়ের ফলে যদি সংশ্লিষ্ট কোনো বাণিজ্যব্যবস্থা বা শুল্ককাঠামো স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যায়, তবে তা বাংলাদেশের জন্য ইতিবাচক হতে পারে। যুক্তরাষ্ট্র এককভাবে বাংলাদেশের বৃহত্তম রপ্তানি বাজার। এই বাজার রক্ষায় আমাদের কৌশলী পদক্ষেপ নিতে হবে। বাণিজ্য আলোচনা চালিয়ে যেতে হবে। আমরা আশা করি, নতুন সরকার পরিবর্তিত পরিস্থিতি পর্যালোচনা করে রপ্তানি বাণিজ্যের স্বার্থে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।

রাজাপুরে ইয়াবা-গাঁজাসহ

ও গাঁজা ক্রয়-বিক্রয় করার সময় তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন, রাজাপুর উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ও সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা আক্তার লাইজুর ছেলে উপজেলা ছাত্রলীগের বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি সম্পাদক মো. জায়েদ জোহা খান (১৮) এবং কেওতা এলাকার মো. কবির মোল্লার ছেলে মো. ইমন হাসান (২০)। বিষয়টি নিশ্চিত করেছেন রাজাপুর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নজরুল ইসলাম। পুলিশ জানায়, আটক জায়েদ জোহা খান দীর্ঘদিন ধরে মাদক ব্যাবসার সঙ্গে জড়িত। গোপন সংবাদের ভিত্তিতে রাতে পুলিশের টহল টিম, অভিযান চালিয়ে জোহা ও ইমনকে আটক করে তবে সমির গাজি (৫৫) নামে আরেকজন পালিয়ে যান। এ সময় জায়েদ জোহা খানের কাছ থেকে ৬ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। যার আনুমানিক মূল্য ১ হাজার ৮০০ টাকা। এছাড়া মাদক বিক্রির ৮৯০ টাকা ও একটি মোবাইল ফোন জব্দ করা হয়। অপরদিকে ইমন হাসানের কাছ থেকে ২ গ্রাম গাঁজা যার আনুমানিক মূল্য ৫০০ টাকা ও একটি রিয়েলমি মোবাইল ফোন উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আটকরা জানান, পলাতক সমির গাজির সহায়তায় বিভিন্ন এলাকা থেকে ইয়াবা পাইকারি মূল্যে সংগ্রহ করে রাজাপুরের বিভিন্ন স্থানে খুচরা বিক্রি করতেন তারা। রাজাপুর থানার ওসি নজরুল ইসলাম জানান, এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর সংশ্লিষ্ট ধারায় রাজাপুর থানায় এসআই মিরাজ বাদি হয়ে মামলা দায়ের করেছে। আটক কৃতদের ঝালকাঠি আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। পলাতক আসামিকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

বরিশাল সিটি কর্পোরেশনে প্রশাসক নিয়োগ

কেন্দ্রীয় নেতারাও এই পদের যোগ্য দাবিদার। কারো চেয়ে কেউ কম না হওয়ায় এবং সবাই 'ত্যাগী' হিসেবে পরিচিত হওয়ায় দলীয় হাইকমান্ডকে এই সিটির বিষয়ে সিদ্ধান্ত নিতে বেগ পেতে হচ্ছে। যোগ্যতার লড়াই এবং সম্ভাব্য অন্তর্কোন্দল এড়াতেই বরিশাল নিয়ে সরকার ও দল কিছুটা সময় নিচ্ছে বলে ধারণা করা হচ্ছে। বর্তমানে বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসকের দায়িত্ব পালন করছেন বিভাগীয় কমিশনার। রাজনৈতিক প্রশাসক নিয়োগ না হওয়া পর্যন্ত তিনিই এই দায়িত্ব পালন করবেন। ঢাকা ও খুলনার মতো সিটিগুলোতে যেভাবে মহানগর পর্যায়ের শীর্ষ নেতাদের দায়িত্ব দেওয়া হয়েছে, বরিশালেও তেমনটাই হবে বলে ধারণা করা হচ্ছে। তবে তা মহানগর বিএনপির সভাপতি নাকি সাধারণ সম্পাদক তা জানতে প্রজ্ঞাপন পর্যন্ত অপেক্ষা করতে হবে। বরিশালের সাধারণ মানুষ ও সচেতন রাজনৈতিক কর্মীরা মনে করেন, বিভ্রান্তিকর সংবাদ পরিবেশন করে নেতাকর্মীদের মধ্যে বিভেদ সৃষ্টি করা উচিত নয়। দলের হাইকমান্ডের চূড়ান্ত সিদ্ধান্ত এবং মন্ত্রণালয়ের আনুষ্ঠানিক চিঠির আগে কাউকে 'প্রশাসক' ঘোষণা করা কেবল অপপ্রচার ছাড়া আর কিছু নয়। বরিশাল সিটি কর্পোরেশনের নতুন অভিভাবক কে হচ্ছেন, তা জানতে চোখ রাখতে হবে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পরবর্তী প্রজ্ঞাপনের ওপর। ততক্ষণ পর্যন্ত ধৈর্য ধারণ এবং গুজব থেকে দূরে থাকার পরামর্শ দিয়েছেন জ্যেষ্ঠ নেতৃবৃন্দ।

বিএনপিপন্থি আইনজীবীদের বিক্ষোভ

তারক বিশ্বাস বলেন, "আমি কিছু বলতে পারব না।" বরিশাল জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তালুকদার মোহাম্মদ ইউনুসকে সোমবার জামিন দেয় একটি আদালত। এর প্রতিবাদে মঙ্গলবার সকাল থেকে বরিশালের মুখ্য মহানগর হাকিম এবং অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম আদালত বর্জন করে বিক্ষোভ করেন বিএনপিপন্থি আইনজীবীরা। এর পর অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম আদালতে হট্টগোলের ঘটনা ঘটে। এ ব্যাপারে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সদস্য আবুল কালাম আজাদ ইমন বলেন, "আওয়ামী লীগ নেতাদের জামিন মঞ্জুরের প্রতিবাদে দুই বিচারকের অপসারণের দাবিতে মঙ্গলবার সকাল থেকে জেলা আইনজীবী সমিতির নেতারা আদালত বর্জন করেন। তারা আদালত পাড়ায় বিক্ষোভ করেন। "এর পরিপ্রেক্ষিতে মহানগর দায়রা জজ দাবির বিষয়টি দেখবেন জানিয়ে আন্দোলন থেকে সরে আসার অনুরোধ করেন। আমরা জানিয়েছি, এটা সভা করে কর্মসূচি দিয়েছি। তাই সভা করে বিষয়টি সিদ্ধান্ত নিতে হবে। দুপুর ২টার মধ্যে সিদ্ধান্ত দেওয়ার কথা ছিল।" আইনজীবী বলেন, "সিদ্ধান্ত দেওয়ার আগে আইনজীবী সমিতি, পিপিসহ সংশ্লিষ্ট কাউকে না জানিয়ে এজলাসে কার্যক্রম শুরু করা হয়। এ সময় আইনজীবীরা গিয়ে বাধা দেন। তাদের বাধায় বিচারক এজলাস থেকে নেমে যান। "এ সময় জুনিয়র আইনজীবীরা কয়েকটি বেঞ্চ এলোমেলো করে থাকতে পারে। তবে কারা করেছে তা আমার জানা নেই।" এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়েছে। সেখানে দেখা যায়, অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম আদালতের কার্যক্রম শুরু হলে কোতোয়ালি মডেল থানার জিআরও এসআই শম্ভু নথি উপস্থাপন করেন। এ সময় বরিশাল জেলা আইনজীবী সমিতির সভাপতি সাদিকুর রহমান লিংকনের নেতৃত্বে আইনজীবীরা আদালতে প্রবেশ করেন। এ সময় সভাপতি লিংকন বিচারককে উদ্দেশ করে এজলাস ছেড়ে যাওয়ার কথা বলেন। হৈ-হুল্লোড় করে এজলাসের বেঞ্চসহ আইনজীবীদের ডায়াস ধাক্কা দিয়ে ফেলে দেওয়া হয়। একপর্যায়ে বিচারক এজলাস ত্যাগ করেন। সন্ধ্যায় সিআইডির একটি দল আদালতে আসেন। তারা আদালত কক্ষ থেকে তথ্য-উপাত্ত সংগ্রহ করেন। এ ব্যাপারে জানতে বরিশাল জেলা আইনজীবী সমিতির সভাপতি সাদিকুর রহমান লিংকনকে মোবাইলে ফোন দিলে তিনি ধরেননি।

আমতলীতে পুত্রবধূর মৃত্যুর

ইউনিয়নের তক্তাবুনিয়া গ্রামের সোহাগ প্যাদার স্ত্রী লামিয়া বেগম মঙ্গলবার ভোরে বাড়ীতে নরমাল ডেলিভেরীতে একটি কন্যা সন্তান প্রসব করেন। এতে তার প্রচুর রক্তক্ষরণ হয়। দ্রুত স্বজনরা তাকে পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে আসে। ওই হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার দুপুরে মারা যান। পুত্রবধূর মৃত্যুর খবর শুনে ওইদিন বিকেলে শ্বশুর মোস্তফা প্যাদা মারা যান। একই বাড়ীতে পুত্রবধূ ও শ্বশুরের মৃত্যুতে এলাকায় চাঞ্চল্য ও শোকের মাতম বইছে। হলদিয়া ইউনিয়ন পরিষদ সদস্য মোঃ কামরুল হাসান সেতু মল্লিক বলেন, পুত্রবধূর মৃত্যুর খবর শুনে বৃদ্ধ শ্বশুর মোস্তফা প্যাদা মারা গেছেন। এমন ঘটনায় পরিবার ও এলাকায় শোকের মাতম বইছে। তিনি আরো বলেন, মঙ্গলবার রাত ১০ টায় জানাযা শেষে শ্বশুর ও পুত্রবধূর মরদেহ পারিবারিক কবরস্থানে দাফন করা হবে।

জহির উদ্দিন স্বপনের নেতৃত্বে তথ্য

এই পদের জন্য অপ্রতিদ্বন্দ্বী করে তুলেছে। দায়িত্ব গ্রহণের পরপরই তিনি ঘোষণা করেছেন, "সংবাদপত্রের স্বাধীনতা কেবল কাগজে-কলমে নয়, বাস্তবে প্রয়োগ করাই হবে আমাদের প্রধান অঙ্গীকার।"

সংসদীয় অভিজ্ঞতা ও রাজনৈতিক ভিত্তি

জহির উদ্দিন স্বপন কেবল একজন নীতি-নির্ধারক নন, তিনি মাঠ পর্যায় থেকে উঠে আসা একজন জননেতা। তার রাজনৈতিক জীবনের গতিপথ অত্যন্ত বৈচিত্র্যময়। আশির দশকে বামপন্থী ছাত্র রাজনীতিতে পদচারণা শুরু করা স্বপন বাংলাদেশ ছাত্র মৈত্রীর কেন্দ্রীয় সভাপতির দায়িত্ব পালন করেছেন। সেই সময় থেকেই তার সাংগঠনিক ও বাগ্মীতার গুণাবলী প্রস্ফুটিত হয়। জহির উদ্দিন স্বপন ১৯৯৬ (ষষ্ঠ সংসদ) এবং ২০০১ (অষ্টম সংসদ) সালে বরিশাল-১ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন। দীর্ঘ বিরতির পর ২০২৬ সালের নির্বাচনে তিনি ১,০০,৫৫২ ভোট পেয়ে পুনরায় তার আসনটি উদ্ধার করেন। বিএনপির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক হিসেবে তিনি দলের জন্য আধুনিক এবং 'ডিজিটাল কমিউনিকেশন' ফ্রেমওয়ার্ক তৈরি করেছেন। 'বাংলাদেশ ন্যাশনালিস্ট রিসার্চ অ্যান্ড কমিউনিকেশন' (বিএনআরসি)-এর পরিচালক হিসেবে তার গবেষণালব্ধ জ্ঞান এখন মন্ত্রণালয় পরিচালনায় বড় পাথেয় হবে। জহির উদ্দিন স্বপনের অভিজ্ঞতার পাশে তারুণ্যের শক্তি হিসেবে দাঁড়িয়েছেন প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী। ময়মনসিংহ-৯ আসন থেকে নির্বাচিত এই নবীন নেতা রাজনীতিতে একবিংশ শতাব্দীর 'তথ্য যুদ্ধ' এবং 'ডিজিটাল ব্র্যান্ডিং'-এর কারিগর হিসেবে পরিচিত। তাদের এই যুগলবন্দী বাংলাদেশের রাষ্ট্রীয় গণমাধ্যম যেমনড় বিটিভি, বাংলাদেশ বেতার এবং পিআইবি-কে বিশ্বমানের প্রতিষ্ঠানে রূপান্তর করতে পারবে বলে ধারণা করা হচ্ছে।

জহির উদ্দিন স্বপনের সামনে আগামীর পাঁচ চ্যালেঞ্জ

সচিবালয়ে দায়িত্ব পালনের প্রথম সপ্তাহেই মন্ত্রী জহির উদ্দিন স্বপন তার অগ্রাধিকার তালিকা স্পষ্ট করেছেন। তার সামনে যে কঠিন পথ পাড়ি দিতে হবে, তার একটি রূপরেখা নিচে দেওয়া হলো- ভয়মুক্ত সাংবাদিকতা: বিগত দেড় দশকে সংবাদপত্রের স্বাধীনতার ওপর যে অদৃশ্য কাঁচি চলেছিল, তা অপসারণ করে সাংবাদিকদের জন্য একটি নিরাপদ ও স্বাধীন কর্মপরিবেশ নিশ্চিত করা। স্মার্ট তথ্যায়ন ও গুজব প্রতিরোধ: তথ্য প্রযুক্তি ব্যবহার করে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া গুজব (Disinformation) এবং অপপ্রচার রোধে একটি শক্তিশালী 'ফ্যাক্ট-চেক' ব্যবস্থা চালু করা। রাষ্ট্রীয় প্রচারযন্ত্রের পুনর্গঠন: বিটিভি এবং বেতারকে একপেশে প্রচারণার গণ্ডি থেকে বের করে এনে গণমানুষের কণ্ঠস্বর হিসেবে গড়ে তোলা। তথ্য অধিকার আইন বাস্তবায়ন: সরকারি তথ্যপ্রাপ্তির ক্ষেত্রে আমলাতান্ত্রিক জটিলতা কমিয়ে জনগণের তথ্যের অধিকার (RTI) নিশ্চিত করা। স্মার্ট কার্ড ও জনকল্যাণ: সম্প্রতি তিনি 'স্মার্ট ফ্যামিলি কার্ড' এবং 'ফার্মার কার্ড'-এর মতো যুগান্তকারী ডিজিটাল উদ্যোগ ঘোষণা করেছেন, যা সরাসরি সাধারণ মানুষের জীবনমান উন্নয়নে সাহায্য করবে।

আন্তর্জাতিক প্রেক্ষাপট ও বৈশ্বিক সংযোগ

জহির উদ্দিন স্বপনের কর্মপরিধি কেবল দেশের ভেতরেই সীমাবদ্ধ নয়। জাতিসংঘ সাধারণ পরিষদে দুবার বাংলাদেশের প্রতিনিধিত্ব করা এবং আন্তর্জাতিক সংস্থা 'পার্লামেন্টারিয়ানস ফর গ্লোবাল অ্যাকশন' (PGA)-এর এশিয়া অঞ্চলের ভাইস-প্রেসিডেন্ট হিসেবে কাজ করার কারণে আন্তর্জাতিক মহলে তার বিশেষ গ্রহণযোগ্যতা রয়েছে। এটি বিদেশের মাটিতে বাংলাদেশের ভাবমূর্তি উন্নয়নে একটি বড় হাতিয়ার হিসেবে কাজ করবে।

চ্যালেঞ্জিং উত্তরণ ও বরিশালবাসীর গর্ব

বরিশালের গৌরনদী-আগৈলঝাড়ার মাটি ও মানুষের নেতা জহির উদ্দিন স্বপন এখন জাতীয় পর্যায়ে তথ্যের অতন্দ্র প্রহরী। তার অভিজ্ঞতার ঝুলি এবং মেধার প্রয়োগের মাধ্যমে তথ্য সম্প্রচার মন্ত্রণালয়ের অধিদপ্তরের কর্মচারীদের মধ্যে এক নতুন কর্মচাঞ্চল্য দেখা দিয়েছে। দীর্ঘ শ্রম এবং সততার মধ্য দিয়ে এই মন্ত্রণালয়কে একটি স্বচ্ছ ও জবাবদিহিমূলক প্রতিষ্ঠানে রূপান্তর করাই এখন তার মূল লক্ষ্য। নতুন সূর্যোদয়ের এই ক্ষণে, দেশবাসী তাকিয়ে আছে জহির উদ্দিন স্বপনের সুচিন্তিত পদক্ষেপের দিকেড়যেখানে তথ্য হবে অবাধ, সংবাদ হবে নিরপেক্ষ এবং কণ্ঠ হবে স্বাধীন।

রমজানের শিক্ষা: ধৈর্যের

জীবনে বিপদ-আপদ, অভাব কিংবা প্রতিকূলতা আসবেই। রমজানের এই দীর্ঘ সময়ের প্রশিক্ষণ আমাদের শেখায় যে, যেভাবে আমরা ইফতারের নির্দিষ্ট সময়ের জন্য শত কষ্টের মাঝেও ধৈর্য ধরে অপেক্ষা করি, ঠিক সেভাবেই জীবনের কঠিন সময়েও আল্লাহর রহমতের জন্য ধৈর্য ধারণ করা উচিত। পবিত্র কুরআনের সূরা বাকারার ১৫৩ নম্বর আয়াতে আল্লাহ তাআলা ইরশাদ করেছেন, হে মুমিনগণ! ধৈর্য ও সালাতের মাধ্যমে তোমরা আল্লাহর সাহায্য প্রার্থনা করো। নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন। রাসুলুল্লাহ (সা.) এই মাসকে সরাসরি ধৈর্যের মাস হিসেবে অভিহিত করেছেন। হযরত সালমান ফারসি (রা.) থেকে বর্ণিত এক দীর্ঘ হাদিসে রাসুলুল্লাহ (সা.) ইরশাদ করেন, এটি (রমজান) ধৈর্যের মাস, আর ধৈর্যের প্রতিদান হলো জান্নাত (সহিহ ইবনে খুজাইমা: ১৮৮৭, মিশকাতুল মাসাবিহ: ১৯৬৩)। আজ আমাদের উপলব্ধি করা প্রয়োজন যে, কেবল রোজা পালনেই নয়, বরং জীবনের প্রতি পদে রাগের মাথায় সিদ্ধান্ত না নেওয়া, অন্যের অন্যায় আচরণে ধৈর্য ধরা এবং কোনো বিপদে বিচলিত না হওয়াই হলো রমজানের প্রকৃত শিক্ষা। যে ব্যক্তি ধৈর্য ধরতে জানে, আল্লাহর সাহায্য তার অতি নিকটে। সিয়ামের এই শিক্ষা যদি আমরা বছরের বাকি ১১ মাস বাস্তব জীবনে ধারণ করতে পারি, তবেই আমাদের ব্যক্তি ও সামাজিক জীবনে শান্তি ও সার্থকতা প্রতিষ্ঠিত হবে।

লেখক: বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা

আইজিপি হলেন আলী

(আইজিপি) পদে নিয়োগ দিয়েছে সরকার। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে সই করেন উপসচিব তৌছিফ আহমেদ। ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর দেশের বিভিন্ন প্রশাসনিক পদে ব্যাপক রদবদল করা হয়। এর ধারাবাহিকতায় একই বছরের ২১ নভেম্বর বাহারুল আলমকে পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) হিসেবে নিয়োগ দেওয়া হয়। জানা যায়, রাজনৈতিক কারণে আওয়ামী লীগ সরকারের আমলে প্রথমে চাকরিচ্যুত এবং পরবর্তীতে আলী হোসেন ফকিরকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়। তিনি সে সময় সরকারের রোষানলের শিকার হন বলে জানা যায়। ২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার তীব্র আন্দোলনের মুখে শেখ হাসিনা সরকারের পতনের পর ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠিত হলে আইনি প্রক্রিয়ায় তিনি এসপি পদমর্যাদায় চাকরি ফিরে পান। পরে সুপার নিউমারারি পদে ডিআইজি হিসেবে পদোন্নতি পান। গত বছরের ১১ আগস্ট তিনি অতিরিক্ত আইজিপি (দ্বিতীয় গ্রেড) পদে পদোন্নতি লাভ করেন। মো. আলী হোসেন ফকির বিসিএস (পুলিশ) ক্যাডারের ১৫তম ব্যাচের সদস্য। তার বাড়ি বাগেরহাট জেলায়।

জাতি অবুঝ নয়, রাষ্ট্রপতির

করলেও অনেক কিছুই চেপে গেছেন বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) বিকেল ৫টায় নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে এ মন্তব্য করেন তিনি। ফেসবুক পোস্টে জামায়াত আমির বলেন, সাবেক প্রধানমন্ত্রীর পদত্যাগ বিষয়ে উনি (রাষ্ট্রপতি) উপস্থিত নেতৃবৃন্দকে যা বলেছিলেন এবং পরবর্তীতে জাতিকে যা জানিয়েছিলেন, বর্তমান বক্তব্যে তিনি তা স্বীকার করেননি। আর এখন যা বলছেন সেদিন তার কিছুই তিনি বলেননি। তিনি বলেন, কোটি কোটি মানুষ যা শুনলো এবং সেদিন তিনি যা বললেন আর এখন যা বলছেন তার হিসাব রাষ্ট্রপতি মিলিয়ে দেবেন কি? জাতি অবুঝ নয়। রাষ্ট্রের সর্বোচ্চ জায়গা থেকে এ রকম আচরণ অগ্রহণযোগ্য, যোগ করেন ডা. শফিকুর রহমান।

৫ আগস্টের পর কিছু

কিছু সাধারণ ও নিরীহ লোককে আসামি করা হয়েছে। কিছু সুবিধাবাদী শ্রেণি এই মামলাগুলো করেছে যেগুলো আমাদের নজরে এসেছে। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। ২০২৪ সালের ৫ আগস্টের পর দায়ের করা মামলাগুলো সম্পর্কে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, ৫ আগস্টের পর দায়ের করা বেশকিছু মামলায় ব্যক্তিগত সুবিধা চরিতার্থ করার জন্য কিছু সাধারণ ও নিরীহ লোককে আসামি করা হয়েছে। কিছু সুবিধাবাদী শ্রেণি এই মামলাগুলো করেছে যেগুলো আমাদের নজরে এসেছে। এগুলো যাচাই বাছাই করে আমরা সঠিক তথ্য খুঁজে বের করবো। তিনি বলেন, আমরা আইনের শাসন প্রতিষ্ঠা করতে বদ্ধপরিকর। কেউ যেন অহেতুক হয়রানিমূলক মামলার শিকার না হন- সে বিষয়ে আমাদের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত থাকবে। বিগত ফ্যাসিস্ট সরকারের আমলের ১৭ বছর ধরে বিরোধী দলের নেতাকর্মীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের বিরুদ্ধে দায়ের করা রাজনৈতিক হয়রানিমূলক আরও ১২০২টি মামলা প্রত্যাহারের অনুমোদন দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, বিরোধী দলের নেতাকর্মীদের বিরুদ্ধে দায়ের করা রাজনৈতিক হয়রানিমূলক ১০০৬টি মামলা প্রত্যাহারের অনুমোদন এর আগে দেওয়া হয়। তিনি বলেন, মামলা প্রত্যাহারের ক্ষেত্রে হত্যা, মাদক, অস্ত্র, বিস্ফোরক এবং নারী ও শিশু নির্যাতন মামলা বাদ দিয়ে শুধু রাজনৈতিক হয়রানিমূলক মামলাগুলো বিবেচনায় নেওয়া হয়েছে। মন্ত্রী বলেন, আমরা আরও বেশকিছু রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহারের উদ্যোগ নিয়েছি। মামলাগুলো সত্যিকার অর্থে রাজনৈতিক মামলা কি না তা সতর্কতার সঙ্গে যাচাই বাছাই করে দেখা হবে। এর যাতে অপব্যবহার না হয়, সেজন্য যাচাই-বাছাই কমিটি করে দেওয়া হবে। আজ-কালের মধ্যে এ বিষয়ে সিদ্ধান্ত হবে।

১০ মার্চ ফ্যামিলি কার্ড

নারী ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা. আবু জাফর মো. জাহিদ হোসেন এ তথ্য জানান। সমাজকল্যাণ মন্ত্রী বলেন, আজকে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রিপরিষদের উপ-কমিটির একটি সভা হয়েছে এবং এখানে ফ্যামিলি কার্ড নিয়ে আলোচনা হয়েছে। আপনারা জানেন, অর্থমন্ত্রীর নেতৃত্বে একটি উপকমিটি ছিল। মন্ত্রিপরিষদের সেই উপকমিটির সুপারিশের আলোকে আজ ফ্যামিলি কার্ড বিষয়ে পাইলটিংয়ের একটা চূড়ান্ত সিদ্ধান্ত হয়েছে। তিনি বলেন, আগামী ১০ মার্চ প্রধানমন্ত্রী ফ্যামিলি কার্ড বিতরণ প্রকল্পের পাইলটিং কার্যক্রমের উদ্বোধন করবেন। এই কার্যক্রমের জন্য আমরা এই মুহূর্তে বাংলাদেশের বিভিন্ন বিভাগের ১৪টি উপজেলাকে নির্ধারণ করেছি। এই ১৪টি উপজেলার প্রতিটি থেকে একটি করে ইউনিয়নের একটি ওয়ার্ডে সর্বজনীনভাবে ফ্যামিলি কার্ড বিতরণ করা হবে। ইনশাআল্লাহ, ১০ মার্চ একযোগে এই ১৪টি উপজেলায় কার্যক্রমটি শুরু হবে। এই প্রক্রিয়াটি একটি চলমান প্রক্রিয়া এবং পর্যায়ক্রমে তা সারা বাংলাদেশে ছড়িয়ে দেওয়া হবে। মন্ত্রী বলেন, ফ্যামিলি কার্ডের মাধ্যমে একটা সময়ে বাংলাদেশের যারা হতদরিদ্র, দরিদ্র এবং নিম্নবিত্ত এই তিন শ্রেণির সুবিধাভোগী আমাদের যে মা-বোন আছেন, তারাই এটার সুবিধা পাবেন। তিনি বলেন, নারীর ক্ষমতায়ন ও তাদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তোলাই আমাদের লক্ষ্য। একজন নারী স্বাবলম্বী হলে একটি পরিবার স্বাবলম্বী হয় এবং এর মাধ্যমে আগামী প্রজন্মও স্বাবলম্বী হয়ে উঠবে বলে আমরা বিশ্বাস করি। এটি বাংলাদেশ জাতীয়তাবাদী দলের অন্যতম নির্বাচনী অঙ্গীকার। প্রধানমন্ত্রী তারেক রহমান দীর্ঘ সময় ধরে এই প্রকল্পের ওপর কাজ করেছেন। আজ তার সভাপতিত্বে এবং সংশ্লিষ্ট মন্ত্রী, উপদেষ্টা ও ঊর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে প্রকল্পটি অনুমোদিত হয়েছে। এই ফ্যামিলি কার্ডের মাধ্যমে সুবিধাভোগীরা প্রতি মাসে ইনশাআল্লাহ দুই হাজার পাঁচশত (২,৫০০) টাকা করে আর্থিক সহায়তা পাবেন। সমাজকল্যাণ মন্ত্রী বলেন, এ ক্ষেত্রে কোনো ধরনের রাজনৈতিক বা ধর্মীয় বৈষম্য করা হবে না। এটি একটি সর্বজনীন (ইউনিভার্সাল) কার্ড হবে এবং বর্তমানে এটি পরীক্ষামূলকভাবে শুরু হচ্ছে। এ ব্যাপারে আমি আপনাদের সবার সহযোগিতা কামনা করছি। আপনাদের সহযোগিতায় আমরা আশা করছি যে, আগামী চার মাসের মধ্যে এই পাইলটিং কার্যক্রম সফলভাবে সম্পন্ন হবে। পরবর্তীতে সারা বাংলাদেশে এটি ব্যাপকভাবে সম্প্রসারণ করা হবে এবং প্রতিটি উপজেলা এর আওতায় আসবে। শুরুতে হয়ত পুরো উপজেলা একসঙ্গে কাভার করা সম্ভব হবে না; আমরা প্রথমে একটি ওয়ার্ড, তারপর একটি ইউনিয়ন এভাবে পর্যায়ক্রমে পুরো উপজেলা এবং সবশেষে সারা বাংলাদেশে এই সেবা পৌঁছে দেব। তিনি আরও বলেন, সুবিধাভোগীদের সরাসরি বাছাই করা হচ্ছে না, বরং তথ্য সংগ্রহ করা হচ্ছে। ঘরে ঘরে গিয়ে 'ডোর টু ডোর' পদ্ধতিতে এই তথ্য সংগ্রহ করা হবে। কোনো অবস্থাতেই ঘরে বসে তালিকা করা হবে না; সরাসরি মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহের মাধ্যমে এটি সম্পন্ন করা হবে এবং এতে কারো প্রতি বৈষম্য করা হবে না। এই সরকারি কর্মসূচিটি বাস্তবায়নে উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নেতৃত্বে শক্তিশালী কমিটি থাকবে। একইভাবে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়েও সরকারি কর্মচারীদের সমন্বয়ে পৃথক কমিটি গঠন করা হবে। প্রতিটি উপজেলার তদারকির দায়িত্বে থাকবেন একজন করে প্রথম শ্রেণির কর্মকর্তা। তথ্যগত ভুলভ্রান্তি কমিয়ে আনতে এই প্রক্রিয়ায় দুই স্তরের 'চেকিং ও রি-চেকিং' ব্যবস্থা নিশ্চিত করা হবে।

ভারতের আদানির সঙ্গে চুক্তি

রেজাউল করিমের সঙ্গে এ ব্যাপারে যোগাযোগ করেছিল ব্লুমবার্গ। তবে তিনি কোনো মন্তব্য করেননি। আদানি পাওয়ারের এক প্রতিনিধি জানিয়েছেন, বাংলাদেশের নতুন সরকার পুনঃআলোচনার ব্যাপারে তাদের সঙ্গে যোগাযোগ করেনি। তিনি বলেছেন, এ মুহূর্তে চুক্তির সব ধারা তারা পূরণ করে যাচ্ছেন। ২০২৩ সাল থেকে ঝাড়খণ্ডের গোড্ডা থেকে বাংলাদেশে বিদ্যুৎ সরবরাহ করে আসছে আদানি। এটি কয়লাচালিত বিদ্যুৎ কেন্দ্র। সাবেক স্বৈরাচার প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমলে আদানির সঙ্গে বাংলাদেশের ২৫ বছরের চুক্তি হয়। ঝাড়খণ্ডের এই কেন্দ্রে উৎপাদিত ১ হাজার ৬০০ মেগাওয়াটের প্রায় পুরোটাই বাংলাদেশে সরবরাহ করছে প্রতিষ্ঠানটি। গত জানুয়ারিতে বাংলাদেশ সরকারের প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়, আদানির বিদ্যুতের দাম যত হওয়া উচিত ছিল বর্তমানে 'এটির দাম অন্তত ৫০ শতাংশ বেশি'। ব্লুমবার্গ বলেছে, বাংলাদেশ সরকার যদি আদানির বিদ্যুৎ নিয়ে পুনরায় আলোচনা করতে চায় তাহলে ভারতের সঙ্গে সম্পর্ক কঠিন হয়ে যেতে পারে। তারা বলেছে, প্রধানমন্ত্রী তারেক রহমান দায়িত্ব নেওয়ার পর ভারতের সঙ্গে সম্পর্ক পুনর্গঠন করতে চান। সঙ্গে তিনি আরও ব্যালেন্স পররাষ্ট্রনীতির প্রতি আগ্রহী।

রমজানে বাজার পরিস্থিতি

জানান জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট। কেউ যদি এ আইন অমান্য করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান তারা।

বরিশাল থেকে সংরক্ষিত আসনের

তারাই সংরক্ষিত নারী আসনের প্রকৃত দাবিদার হওয়া উচিত। সমর্থকদের দাবি, দীর্ঘদিনের সাংগঠনিক অবদান, নেতৃত্বগুণ ও ত্যাগের স্বীকৃতি হিসেবে নারী নেত্রীদের সংরক্ষিত নারী আসনে মনোনয়ন দেওয়া হলে তা দলের জন্য ইতিবাচক বার্তা বহন করবে। তারা আরও বলেন, মনোনয়নেরক্ষেত্রে ত্যাগীদের মূল্যায়ন করা না হলে ভবিষ্যতে কোন নেতা-নেত্রীরা নিজেদের জীবনবাঁজি রেখে দলের জন্য ত্যাগ স্বীকার করবেন না। তাই ত্যাগীদের অতীত ইতিহাস ও ২০২৪ সালের ৫ আগস্ট পরবর্তী সময়ে অবৈধ সুবিধা নেওয়ার বিষয়ে সঠিক পর্যালোচনা করে মনোনয়ন দেওয়ার জন্য তারা দলের চেয়ারম্যান ও নীতিনির্ধারকদের কাছে জোর দাবি জানিয়েছেন। খোঁজ নিয়ে জানা গেছে, সংরক্ষিত নারী আসনে বরিশাল বিভাগ থেকে আলোচনায় রয়েছেন চারজন নারীনেত্রী। তারা হলেন, বিএনপির বিভাগীয় সাংগঠনিক সম্পাদক ও সংরক্ষিত আসনের সাবেক এমপি অ্যাডভোকেট বিলকিস জাহান শিরিন। বিগত আন্দোলন সংগ্রামে মাঠে অবস্থানকারী ও কারবরণকারী নেত্রী বরিশাল মহানগর বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আফরোজা খানম নাসরিন। বরিশাল মহানগর মহিলাদলের সভাপতি দলের দুর্দীনের আন্দোলন-সংগ্রামে রাজপথে সক্রিয়ভাবে ভূমিকা পালন করা অধ্যাপিকা ফারহানা তিথি। বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও ঝালকাঠী জেলা আহবায়ক কমিটির সদস্য জিবা আমিনা আল গাজী। সাবেক সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা সহিদুল আলম তালুকদারের সহধর্মিণী, বাউফল উপজেলা মহিলা দলের সাবেক সভানেত্রী এবং পটুয়াখালী জেলা বিএনপির আহবায়ক কমিটির সাবেক সদস্য হিসেবে দীর্ঘদিন রাজপথে সক্রিয় থাকা দক্ষ ও পরীক্ষিত রাজনৈতিক ব্যক্তিত্ব সালমা আলম লিলি তালুকদার।

মেঘনায় জেলের জালে রাজা

নিলামে তোলা হলে টানটান উত্তেজনার মধ্যে দর হাঁকা শুরু হয়। শেষ পর্যন্ত সর্বোচ্চ দরদাতা হিসেবে মাছ ব্যবসায়ী মাইনউদ্দিন দালাল ৫ হাজার ৫০০ টাকায় মাছটি কিনে নেন। রোজা রেখে নদীতে যাওয়া আকবর মাঝি বলেন, "সকালে জাল তুলেই বুঝেছি বড় কিছু ধরা পড়েছে। এত সুন্দর একটা বড় ইলিশ পেয়ে খুবই খুশি। আল্লাহ রহমত করেছেন।" তার মতে, এমন একটি মাছ পরিবারের জন্য বাড়তি স্বস্তি বয়ে এনেছে। ভোলা সদর উপজেলা মৎস্য কর্মকর্তা মেহেদী হাসান ভুঁইয়া জানান, বর্তমানে ইলিশের ভরা মৌসুম চলছে। সাগরের নোনাপানি থেকে ডিম ছাড়ার উদ্দেশ্যে বড় ইলিশগুলো নদীর মিঠা পানিতে আসছে। ফলে এ সময় নদীতে বড় আকারের ইলিশ ধরা পড়া অস্বাভাবিক নয়। স্থানীয় বাজার সংশ্লিষ্টরা বলছেন, মৌসুমের শুরুতেই বড় ইলিশ ধরা পড়া জেলেদের জন্য যেমন আশাব্যঞ্জক, তেমনি বাজারেও তৈরি করে ইতিবাচক সাড়া।

গৌরনদীতে জাল নোট ভাঙাতে গিয়ে আটক-১

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদীতে নারী দোকানদারের কাছে জাল টাকার নোট ভাঙাতে গিয়ে স্থানীয় জনতার হাতে আটক হয়েছেন আশরাফ চৌকিদার (৪২) নামে এক ব্যক্তি। পরে তাকে জাল নোটসহ থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়। এ সময় তার কাছ থেকে বিভিন্ন মূল্যের মোট ৪ হাজার ৩০০ টাকার জাল নোট উদ্ধার করা হয়েছে। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার দুপুরে গৌরনদী উপজেলার বংকুরা এলাকায়। আটক আশরাফ একই উপজেলার শাহজিরা গ্রামের আনোয়ার চৌকিদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, আশরাফ দীর্ঘদিন ধরে এলাকায় জাল টাকার বিস্তার ঘটিয়ে আসছিলো। মঙ্গলবার দুপুরে তিনি বংকুরা এলাকার একটি দোকানে গিয়ে এক নারী দোকানদারের কাছে জাল টাকা ভাঙানোর চেষ্টা করেন। বিষয়টি দোকানদারের সন্দেহ হলে স্থানীয়দের জানান। পরে আশপাশের লোকজন তাকে আটক করে চন্দ্রহার বাজারে নিয়ে আসে। এ সময় উত্তেজিত জনতা তাকে মারধর করে আটকে রাখে। খবর পেয়ে গৌরনদী মডেল থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে আশরাফকে জাল নোটসহ আটক করে থানায় নিয়ে আসে। গৌরনদী মডেল থানার উপ-পরিদর্শক (এসআই) নজরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, খবর পেয়ে আমরা ঘটনাস্থলে গিয়ে আশরাফ নামের একজনকে জনতার হাত থেকে উদ্ধার করে থানায় নিয়ে আসি। এ সময় তার কাছ থেকে ১ হাজার টাকার তিনটি জাল নোটসহ মোট ৪ হাজার ৩০০ টাকার জাল নোট উদ্ধার করা হয়েছে। তিনি আরও জানান, এ ঘটনায় আটক ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

চাঁদার দাবিতে ব্যবসায়ীকে মারধর বিএনপি নেতাকে শোকজ

মির্জাগঞ্জ প্রতিনিধি

চাঁদার দাবিতে এক ফল ব্যবসায়ীকে মারধরের অভিযোগে মির্জাগঞ্জ উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মো. জয়নাল আবেদীনকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। সোমবার জেলা বিএনপির সাধারণ সম্পাদক মজিবুর রহমান এ নোটিশ দেন। নোটিশে উল্লেখ করা হয়, চাঁদার দাবিতে মারধরের মতো অভিযোগ দলীয় শৃঙ্খলা ও ভাবমূর্তির পরিপন্থী। গণমাধ্যমে সংবাদ প্রকাশের পর বিষয়টি সংগঠনের দৃষ্টিগোচর হয়। নোটিশ দেওয়ার পর অভিযুক্ত বিএনপির নেতাকে ৪৮ ঘণ্টার মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে। মির্জাগঞ্জের সুবিদখালী বাজারের ফল ব্যবসায়ী নির্মল দাস (৫০) অভিযোগ করেন, তাঁর কাছে পাঁচ লাখ টাকা চাঁদা দাবি করে আসছিলেন জয়নাল আবেদীন। টাকা দিতে অস্বীকৃতি জানালে তাঁর কলেজপড়ুয়া ছেলে ঋত্বিক দাস মাদকের সঙ্গে জড়িত এমন অভিযোগ তুলে বিভিন্নভাবে হয়রানি করা হয়। জেলা বিএনপির সাধারণ সম্পাদক মজিবুর রহমান বলেন, চাঁদার দাবিতে ব্যবসায়ীকে মারধরের অভিযোগের খবর গণমাধ্যমে প্রকাশিত হওয়ার পর জয়নাল আবেদীনকে কারণ দর্শনোর নোটিশ দেওয়া হয়। তাঁর জবাব সন্তোষজনক না হলে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।

মেয়াদ অনুযায়ী ধাপে ধাপে সিটি করপোরেশন নির্বাচন হবে : মির্জা ফখরুল

কীর্তনখোলা ডেস্ক

মেয়াদ অনুযায়ী ধাপে ধাপে সিটি করপোরেশন নির্বাচন হবে এবং সেই প্রস্তুতি সরকার ও নির্বাচন কমিশনের রয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, দলীয় প্রতীকে সিটি করপোরেশন নির্বাচন হবে কি না, তা নির্ধারিত হবে জাতীয় সংসদে। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সচিবালয়ে ৬ সিটি করপোরেশনের নতুন প্রশাসকদের দায়িত্বগ্রহণ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। স্থানীয় সরকার নির্বাচন দলীয় প্রতীকে হবে কি না সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, এই সিদ্ধান্ত সংসদে হবে। আর সিটি করপোরেশনগুলোতে যেহেতু সরকারি কর্মকর্তারা দায়িত্বশীল ছিলেন, আমরা মনে করছি যে এখানে রাজনৈতিক ব্যক্তিরা থাকলে জনগণ সেবা বেশি পাবে এবং ভালোভাবে পাবে। এটা আমাদের বিশ্বাস আরকি। সেই কারণেই আমরা রাজনৈতিক ব্যক্তিদের এই প্রশাসক হিসেবে নিয়োগ দিয়েছি। এতে জনগণের সঙ্গে সম্পৃক্ততা বাড়বে। দলীয় প্রতীকে স্থানীয় সরকার নির্বাচন হওয়া দরকার কি না, এ বিষয়ে মন্ত্রীর মতামত চাওয়া হলে তিনি বলেন, না, আমার ব্যক্তিগত মতামতের কোনো সুযোগ নেই এখানে। এখানে আমাদের দলীয় সিদ্ধান্ত আছে, সেই সিদ্ধান্ত অনুযায়ী কাজ করব। দলীয় প্রতীকে নির্বাচনের সিদ্ধান্ত কি সংসদের প্রথম অধিবেশনে হবে? মন্ত্রী বলেন, অবশ্যই। মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, যেসব স্থানীয় সরকারগুলোর মেয়াদ শেষ হয়ে গেছে, সেগুলো থেকেই নির্বাচন শুরু হবে। ঢাকার আগে হওয়ার সম্ভাবনা আছে দুটোতে। আর কয়েকটা আছে, যাদের মেয়াদ শেষ হয়েছে তাদেরটা আগে হবে। স্থানীয় সরকার নির্বাচন শুরু করে কতদিনের ভেতর শেষ করার পরিকল্পনা- এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, এটা এভাবে, এখনই বলা যাবে না। এটা আমরা যখন দেখব একেক করে বাই ফেজ, এটা চলমান প্রক্রিয়া। লোকাল গভর্নমেন্ট ইলেকশনও কিন্তু একটা চলমান প্রক্রিয়া। কারও মেয়াদ শেষ হয়, আবার নির্বাচন হয়। ইউনিয়ন পরিষদেও তাই হয়, উপজেলাতেও তাই হয়। সুতরাং ইট ইজ অ্যা কন্টিনিউয়াস প্রসেস। এর আগে এলজিআরডি মন্ত্রীর কাছে সিটি করপোরেশনের প্রশাসকরা যোগদানপত্র জমা দেন। মশা নিধন, যানজট, রাস্তাঘাট মেরামতসহ জনদুর্ভোগ এড়াতে কাজ করার অঙ্গীকারের কথা জানিয়েছেন নতুন নিয়োগ পাওয়া ৬ প্রশাসক। তারা জানান, জনগণের সেবা নিশ্চিত করাই তাদের অঙ্গীকার। দ্রুত কাজ করার জন্য ৬০ দিনের একটা কর্মসূচি নেবেন নতুন প্রশাসকরা।

ফের দাম কমেছে

কার্যকর হচ্ছে। বিইআরসি জানিয়েছে, ফেব্রুয়ারি মাসের জন্য প্রতি ১২ কেজি সিলিন্ডারের মূল্য ১৫ টাকা কমিয়ে ১৩৪১ টাকা নির্ধারণ করা হয়েছে। এর আগে গত ২ ফেব্রুয়ারি ১২ কেজি সিলিন্ডারের দাম ১৩০৬ টাকা থেকে ৫০ টাকা বাড়িয়ে ১৩৫৬ টাকা নির্ধারণ করা হয়েছিল। নতুন এই ঘোষণায় দাম কমেছে অটোগ্যাসেরও। মাসের শুরুতে প্রতি লিটার অটোগ্যাসের দাম ৫৯ টাকা ৮০ পয়সা থেকে বাড়িয়ে ৬২ টাকা ১৪ পয়সা নির্ধারণ করা হয়েছিল। এ দফায় লিটারপ্রতি ২৮ পয়সা কমিয়ে অটোগ্যাসের দাম ৬১ টাকা ৮৬ পয়সা নির্ধারণ করা হয়েছে।

বাউফলে বিএনপি নেতার

করে বক্তারা বলেন, চন্দ্রদ্বীপের মানুষ একই ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক ও ইউনিয়ন যুবদলের সাবেক সভাপতি মো. রুহুল রাঢ়ী (৪২) ও তার বাহিনীর নেতৃত্বে চন্দ্রদ্বীপ ইউনিয়নবাসী অতিষ্ঠ। নিজের জমি নিজেরা চাষাবাদ করতে পারছেন না। তাদের জমি জোরপূর্বক তরমুজ চাষিদের কাছে জমি বিক্রি করে লাখ লাখ টাকা হাতিয়ে নিয়েছেন। তার অন্যায় কাজের প্রতিবাদ করলে মারধর ও মিথ্যা মামলা দিয়ে হয়রানি করা হয়। অবৈধভাবে বালু উত্তোলনেরও নেতৃত্ব দিচ্ছেন রুহুল রাঢ়ী। এতে ভাঙনের ঝুঁকিতে চন্দ্রদ্বীপ ইউনিয়নের হাজারো মানুষ। চরওয়াডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মো. আহসান হাবিব বলেন, চন্দ্রদ্বীপ ইউনিয়নের মানুষ দারিদ্র্যসীমার নিচে বসবাস করে। উপার্জনের দুটি পথ, কৃষি ও নদীতে মাছ ধরা। এরপরেও প্রতিনিয়ত তাদের চাঁদা দিতে হয়, না দিলে অত্যাচার করা হয়। বিচার চাইতে গেলে অত্যাচারের পরিমাণ আরও বেড়ে যায়। নদীবেষ্টিত দরিদ্র মানুষদের ভালো রাখতে হলে এখানে একটি পুলিশ ফাঁড়ি স্থাপন করা খুবই জরুরি। বিএনপি নেতা রুহুল রাঢ়ী এসব অভিযোগ অস্বীকার করে বলেন, 'আওয়ামী লীগ সরকারের সময় বিএনপির নেতাকর্মীদের ওপর যারা অত্যাচার নির্যাতন করেছে, তারা তার বিরুদ্ধে অপপ্রচার করছে। যারা মানববন্ধন ও সংবাদ সম্মেলন করেছে কিছু জামায়াত ছাড়া সবাই আওয়ামী লীগ। আওয়ামী লীগকে কোনোভাবেই ছাড় দেওয়া হবে না।' বাউফল থানার ওসি মোহাম্মদ ছিদ্দিকুর রহমান বলেন, 'চাঁদাবাজির অভিযোগে কেউ লিখিত অভিযোগ করেননি। লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে অবশ্যই আইনি ব্যবস্থা নেওয়া হবে।'

লালমোহনে সেঁচ প্রকল্প জবর দখল

জমিতে পানি সরবরাহ করে আসছিলেন। ঘটনার রাতে তাকে মারধর করে সেঁচ প্রকল্প দখল ও মেশিনঘর তালাবদ্ধ করে দেওয়া হয় বলে অভিযোগ করেন তিনি। এ ঘটনায় তিনি থানায় লিখিত অভিযোগ দিয়েছেন এবং প্রকল্পটি উদ্ধার করে ফেরত দেওয়ার দাবি জানিয়েছেন। তবে নাগর মাতুব্বর দখলের কথা স্বীকার করে দাবি করেন, ২০০১ সালে ইউসুফের ভাইয়ের সঙ্গে যৌথভাবে সেচ কার্যক্রম শুরু করেছিলেন তিনি। পরবর্তীতে তাকে বাদ দেওয়া হলে বিষয়টি নিয়ে সালিশও হয়। সমাধান না হওয়ায় নির্বাচনের দিন শেষে তিনি প্রকল্পটি নিজের দখলে নেন বলে জানান। স্থানীয় কৃষকরা জানান, ধারদেনা করে ইরি ধানের চারা রোপণ ও সার-কীটনাশক প্রয়োগ করেছেন তারা। কিন্তু পানি না থাকায় চারা নষ্ট হওয়ার উপক্রম হয়েছে। দ্রুত সেচ ব্যবস্থা চালুর দাবি জানিয়েছেন তারা। এ বিষয়ে লালমোহন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. অলিউল ইসলাম বলেন, অভিযোগ পাওয়ার পর ঘটনাস্থল পরিদর্শনে সেচ প্রকল্প দখলের সত্যতা মিলেছে। অভিযোগ অনুযায়ী আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে। কৃষি বিভাগের প্রয়োজন হলে পুলিশ সহযোগিতা করবে বলেও জানান তিনি। বরিশাল বিএডিসির সহকারী প্রকৌশলী (সেচ) ও ভোলার অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত এসএম আতাই রাব্বি বলেন, উপজেলা সেচ প্রকল্প কমিটির সভাপতির সঙ্গে কথা বলে দুই পক্ষকে নিয়ে বসে দ্রুত সমাধানের উদ্যোগ নেওয়া হবে। ভোলা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. খায়রুল ইসলাম মল্লিক জানান, বিষয়টি গুরুত্বসহকারে দেখা হবে। শেষ খবর পাওয়া পর্যন্ত কিছু কৃষক বিকল্প উপায়ে জমিতে পানি দেওয়ার চেষ্টা করছেন। দ্রুত সমস্যার সমাধান চান ক্ষতিগ্রস্ত কৃষকরা।

গৌরনদীতে বায়োগ্যাস প্ল্যান্ট

বিআরডিবির সাবেক চেয়ারম্যান সিনিয়র সাংবাদিক জহুরুল ইসলাম জহির। প্রশিক্ষণ কর্মসূচি সঞ্চালনা করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিভাষ কুমার দাস। এসময় উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তর বরিশাল বিভাগীয় সহকারী উপ-পরিচালক শাহাবুদ্দিন সরদার, বিভাগীয় সহকারী পরিচালক প্রিন্স বাহাউদ্দীন তালুকদার, গৌরনদী প্রেসক্লাবের সদস্য সোলায়মান তুহিন, গৌরনদী উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সুপারভাইজার মোঃ রেজাউল করিমসহ উপজেলার বিভিন্ন প্রান্তিক পর্যায়ের খামারিরা। বক্তারা বলেন, বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে গ্রামীণ পর্যায়ে জ্বালানি সংকট নিরসনের পাশাপাশি পরিবেশবান্ধব শক্তির ব্যবহার বৃদ্ধি পাবে এবং কৃষি ও প্রাণিসম্পদ খাতে উৎপাদনশীলতা বাড়বে। এ ধরনের প্রশিক্ষণ যুব সমাজকে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন। ?বরিশাল জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে অনুষ্ঠিত এই দুই দিনব্যাপী প্রশিক্ষণে উপজেলার বিভিন্ন এলাকার খামারিরা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের মাধ্যমে অংশগ্রহণকারীরা বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের কারিগরি দিক, রক্ষণাবেক্ষণ ও অর্থনৈতিক সম্ভাবনা সম্পর্কে বিস্তারিত ধারণা লাভ করবেন।

ইউপি সদস্যের বাড়ি থেকে

পান। ধারণা করা হচ্ছে, দুর্বৃত্তরা গভীর রাতে গোয়ালঘরের তালা ভেঙে গরুগুলো নিয়ে যায়। ঘটনার পর স্থানীয় লোকজন নিয়ে বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করেও কোনো সন্ধান পাওয়া যায়নি। এ বিষয়ে থানায় অভিযোগের প্রস্তুতি চলছে বলে পরিবার সূত্রে জানা গেছে। চুরি হওয়া গরু সংক্রান্ত কোনো তথ্য জানা থাকলে বা সন্দেহজনক কিছু দেখে থাকলে ০১৭৪৭৬৯৫৯৫৫ অথবা ০১৭২৬৪৬৮৬১৮ নম্বরে যোগাযোগের অনুরোধ জানিয়েছেন ভুক্তভোগী পরিবার। এ বিষয়ে রাজাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নজরুল ইসলাম জানান, গরু চুরির ঘটনা শুনেছি পুলিশ ঘটনা স্থল পরিদর্শন করেছে অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইয়াবাসহ আটক যুবলীগ নেতার

সুজন হাওলাদার হঠাৎ এসআই রতন চন্দ্র হালদারের হাতে কামড় দিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করেন। এতে এসআই রতন চন্দ্র আহত হন। তবে ঘটনাস্থলেই তাকে নিয়ন্ত্রণে নিয়ে আটক করতে সক্ষম হয় পুলিশ। আটক সুজন হাওলাদার উপজেলার চেঁচরীরামপুর ইউনিয়ন যুবলীগের সদস্য ও মো. সোবাহান হাওলাদারের ছেলে। ঘটনার সত্যতা নিশ্চিত করে কাঁঠালিয়া থানার অফিসার ইনচার্জ মো. আবু নাছের রায়হান জানান, দক্ষিণ চেঁচরী এলাকা থেকে ৮ পিস ইয়াবাসহ সুজনকে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে। পুলিশ জানিয়েছে, এলাকায় মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে।

তজুমদ্দিনে সংঘবদ্ধ ধর্ষণের

করেন এবং গুরুতর অবস্থায় তজুমদ্দিন উপজেলার চাঁদপুর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের শশীগঞ্জ এলাকার একটি রাস্তার পাশে ফেলে রেখে যান। স্থানীয়দের সহায়তায় পুলিশ ও ভুক্তভোগীর পরিবার তাকে উদ্ধার করে প্রথমে তজুমদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং পরবর্তীতে উন্নত চিকিৎসার জন্য ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করেন। এ ঘটনায় গত সোমবার (২৩ ফেব্রুয়ারি) ভুক্তভোগীর বাবা বাদী হয়ে তজুমদ্দিন থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি মামলা করেন। ঘটনার পরপরই তজুমদ্দিন থানা পুলিশ এবং জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একাধিক টিম তথ্য-প্রযুক্তির সহায়তা ও গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান পরিচালনা করেন। অভিযানে এজাহারনামীয় তিন জন আসামিকে গ্রেপ্তার করতে সক্ষম হয়। সমন্বিত অভিযানে মামলার ১ নম্বর আসামি মো. রাকিব (৩০) ও ৩ নম্বর আসামি মো. জুয়েল (৩৫) এবং তদন্তেপ্রাপ্ত আসামি আল আমিন সম্রাটকে (২০) তজুমদ্দিনের বিভিন্ন এলাকা থেকে গ্রেপ্তার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেপ্তার আসামিরা ঘটনার সঙ্গে সম্পৃক্ততার বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করেছেন। মামলার অন্যান্য পলাতক আসামিদের গ্রেপ্তারে পুলিশের সাঁড়াশি অভিযান অব্যাহত রয়েছে বলেও জানান এ কর্মকর্তা।' তিনি আরো জানান, ভোলা জেলা পুলিশ নারী ও শিশুদের নিরাপত্তা নিশ্চিত করতে অত্যন্ত সংবেদনশীল। এই নেক্কারজনক ঘটনায় জড়িত কাউকেই ছাড় দেওয়া হবে না। গ্রেফতারকৃত আসামীদের যথাযথ আইনি প্রক্রিয়ার মাধ্যমে আদালতে সোপর্দ করা হচ্ছে। ভুক্তভোগী নারীর ডাক্তারি পরীক্ষা ও আইনি সহায়তা নিশ্চিত করতে ভোলা জেলা পুলিশ সার্বক্ষণিক পাশে রয়েছে।

চাঁদার টাকা ভাগাভাগি নিয়ে

ছেলে। খোঁজ নিয়ে জানা গেছে, দেশের দ্বিতীয় বৃহত্তম মৎস অবতরণ কেন্দ্র বরগুনার পাথরঘাটা বিএসসি মৎস্য ঘাট। এই ঘাটে প্রতিদিন কোটি কোটি টাকার মাছ বেচাকেনা হয়। এই বিএফডিসি মৎস্য ঘাট থেকে মাছ বিক্রি করা জেলে, আড়ৎদার, পাইকার ও ছোট ব্যাবসায়ীদের থেকে নির্দিষ্ট পরিমাণে একটি চাঁদা আদায় করেন তারা। এই টাকা থেকে পাথরঘাটা উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব এনামুল হক ইমুকে প্রতিদিন অতিরিক্ত টাকা দিতে হয়। বিষয়টি অন্য নেতা কর্মীরা অতিরিক্ত টাকার প্রতিবাদ করার কারণে দেশীয় অস্ত্রবগী নিয়ে অতর্কিত হামলা করেছে। বিএফডিসির মাছ ব্যবসায়ী ফোরকান বলেন, দুপুর ২ টার দিকে চার থেকে পাঁচটি মোটরসাইকেলে হঠাৎ উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব এনামুল হক ইমু ও শামীমসহ বেশ কয়েকজন লোক দেশীয় অস্ত্র বগী নিয়ে এলোপাতাড়ি মারধর শুরু করে। এই হামলায় মোঃ কালু, সোহাগ, আবু সালেহ, শামীমসহ প্রায় ৭ থেকে ৮ জন লোক আহত হয়। তাৎক্ষণিক স্থানীয় লোকজন তাদেরকে উদ্ধার করে তাদেরকে পাথরঘাটে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসার জন্য নিয়ে যান। এ সময় স্থানীয়রা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব এনামুল হক ইমুর সাথে থাকা শামীমকে আটক করে গাছের সাথে বেধে রাখেন। পরে থানা পুলিশকে খবর দিয়ে তাদের হাতে তুলে দেন। অভিযুক্ত এনামুল হক ইমু চাঁদাবাজির বিষয়টি অস্বীকার করে বলেন, বিএফডিসি বড় মৎস্য অবতরণ কেন্দ্র হওয়ায় দীর্ঘ বছর ধরেই মাদকের ছড়াছড়ি। নিজে দায়িত্ব নিয়ে ওই এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করেছি। এর সাথে আমার ছোট ভাইও জড়িত। এ কারণেই আমাকে হেয় প্রতিপন্ন করার জন্য আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে তারা। তুমি আরো বলেন, এই মাদকবিরোধী অভিযানে একটি মোটরসাইকেল এবং কয়েকটি মোবাইল আমার কাছে জব্দ করা আছে। এ বিষয়ে পাথরঘাটা থানা উপ-পরিদর্শক জাহাঙ্গীর হোসেনের সাথে মুঠোফোনে কথা বলতে চাইলে তিনি বিষয়টি এড়িয়ে যান এবং বলেন উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে কথা বলে জানাবো!

কলাপাড়া রিপোর্টার্স ক্লাব'র

সম্পাদক এবিএম মোশাররফ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপ্পির সভাপতি হাজী মো. হুমায়ুন সিকদার, উপজেলা বিএনপ্পির সাংগঠনিক সম্পাদক এডভোকেট খন্দকার নাসির উদ্দিন, পৌর বিএনপ্পির সভাপতি গাজী মোহাম্মদ ফারুক, সাধারণ সম্পাদক মুছা তাহিদ নান্নু মুন্সি, সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান কাজল তালুকদার ও মহিপুর থানা বিএনপ্পির সাধারণ সম্পাদক এডভোকেট শাজাহান পারভেজ প্রমুখ। এছাড়া ইফতার ও দোয়া মোনাজাত অনুষ্ঠানে কলাপাড়া রিপোর্টার্স ক্লাব'র সদস্যরা উপস্থিত ছিলেন। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, দীর্ঘ ১৭ বছর পর বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) জনগনের স্বতস্ফূর্ত ভোট ও সমর্থন নিয়ে সরকার গঠন করেছে। তাই দেশ ও জনগনের মঙ্গল কামনাই বর্তমান সরকারের প্রধান এবং মূখ্য উদ্দেশ্য। দেশের উন্নয়নের স্বার্থে সকল গনমাধ্যম কর্মীদের সরকারের পাশে থেকে কাজ করার জন্য তিনি আহ্বান জানান।

বঙ্গোপসাগরে জলদস্যু আতঙ্ক

করে আতঙ্ক সৃষ্টি-এভাবেই চলছে তাদের তাণ্ডব। অনেক ঘটনা প্রকাশ্যে আসে না; ক্ষতির আশঙ্কা ও ভবিষ্যৎ প্রতিশোধের ভয়ে অনেক ট্রলার মালিক বিষয়টি এড়িয়ে যান। বরগুনা জেলা ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, সাগরে নিরাপত্তা পরিস্থিতি আগের তুলনায় নাজুক হয়ে পড়েছে। জেলেরা নিয়মিত ঝুঁকির মধ্যে মাছ ধরছেন। গভীর সমুদ্রে পর্যাপ্ত টহল না থাকায় দস্যুরা সুযোগ নিচ্ছে। হামলার শিকার ট্রলারগুলোর ক্ষয়ক্ষতি অনেক সময় মালিকদের একার পক্ষে বহন করা সম্ভব হয় না। আহত জেলেদের চিকিৎসা ব্যয় ও পরিবারের দেখভালের বিষয়টিও বড় চাপ হয়ে দাঁড়ায়। তিনি আরও জানান, দ্রুত ও সমন্বিত অভিযানের মাধ্যমে দস্যু দমন না করলে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে। জেলেদের অভিযোগ, গভীর সমুদ্রে জরুরি সহায়তা পাওয়ার মতো কার্যকর ব্যবস্থা নেই। হামলার সময় নিরাপত্তা বাহিনীর তাৎক্ষণিক উপস্থিতি নিশ্চিত করা যায় না। ফলে আহতদের উদ্ধার ও চিকিৎসা পেতে দীর্ঘ সময় লেগে যায়। অনেক ক্ষেত্রে জীবনহানির ঝুঁকি আরও বেড়ে যায়। উপকূলীয় অঞ্চলের অর্থনীতি মূলত মৎস্যনির্ভর। বরগুনা ও পাথরঘাটার বহু পরিবারে একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি সাগরে মাছ ধরতে যান। প্রতিটি হামলার ঘটনায় শুধু দুই-একজন জেলে নয়, পুরো জনপদ আতঙ্কিত হয়ে পড়ে। দস্যু আতঙ্কে অনেক ট্রলার মাঝেমধ্যে সমুদ্রে যেতে দেরি করে, এতে মাছ ধরার মৌসুমে বড় ধরনের আর্থিক ক্ষতি হয়। সংশ্লিষ্ট মহল বলছে, গভীর সমুদ্রে নিয়মিত ও দৃশ্যমান নিরাপত্তা টহল জোরদার, ট্রলারে আধুনিক নজরদারি ও সংকেত ব্যবস্থা চালু, দ্রুত প্রতিক্রিয়াশীল উদ্ধার ব্যবস্থা গড়ে তোলা এবং দস্যুদের বিরুদ্ধে কঠোর আইনগত পদক্ষেপ গ্রহণ এখন সময়ের দাবি। অন্যথায় জীবিকার তাগিদে সাগরে যাওয়া উপকূলের তরুণেরা প্রতিনিয়ত মৃত্যুঝুঁকি নিয়েই পাড়ি জমাতে বাধ্য হবে। বঙ্গোপসাগরকে নিরাপদ রাখতে দ্রুত ও কার্যকর উদ্যোগই পারে এই অনিশ্চয়তা দূর করতে।

বাংলাদেশ ব্যাংকের তিন কর্মকর্তাকে

মোস্তফাকে বগুড়া অফিসে বদলি করা হয়েছে। সবাই নীল দলের নেতা হিসেবে পরিচিত। নওশাদ মোস্তফা নীল দলের সাধারণ সম্পাদক। জানা গেছে, জাতীয় নির্বাচনের পর ও সরকার গঠনের আগে ১৬ ফেব্রুয়ারি আকস্মিকভাবে একটি সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সেখানে এই তিন কর্মকর্তা বক্তব্য দেন। সংবাদ সম্মেলনে তারা দুর্বল ব্যাংকের সঙ্গে এক্সিম ও সোশ্যাল ইসলামী ব্যাংককে একীভূত করার উদ্যোগ, ডিজিটাল ব্যাংকের লাইসেন্স দেওয়ার প্রক্রিয়াসহ বিভিন্ন ইস্যুতে গভর্নরকে 'স্বৈরাচার' আখ্যা দেন। এ ছাড়া গভর্নরের ব্যক্তিগত পছন্দে কেন্দ্রীয় ব্যাংকের একাধিক উপদেষ্টা নিয়োগের বিরোধিতা করেন তারা। এ নিয়ে পুরো ব্যাংক খাতে অস্থিরতা ছড়িয়ে দেওয়া চেষ্টা করা হয় বলে জানিয়েছেন কেন্দ্রীয় ব্যাংকের একাধিক কর্মকর্তা। এই ঘটনায় গত সোমবার তিন কর্মকর্তাকে কারণ দর্শানো নোটিশ দেয় বাংলাদেশ ব্যাংক। তাদের ১০ দিনের মধ্যে জবাব দিতে বলা হয়। আর ৮ দিনের মাথায় তাদের বদলি করা হয়। বাংলাদেশ ব্যাংকের স্টাফ রেগুলেশন অনুযায়ী কর্মকর্তারা সংবাদ সম্মেলন, সভা, সেমিনার, বক্তব্য বা বিবৃতি দেওয়ার জন্য গভর্নরের অনুমোদন নিতে হয়। আবার গভর্নরসহ ঊর্ধ্বতন কর্মকর্তাদের বিষয়ে কোনো আপত্তি থাকলে অভ্যন্তরীণ ফোরামে আলোচনার সুযোগ থাকলেও এভাবে প্রকাশ্যে সংবাদ সম্মেলন করা যায় না। বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান দুপুরে সাংবাদিকদের বলেন, 'তাঁদের কারণ দর্শাও নোটিশ দেওয়া হয়েছে। জবাব সন্তোষজনক না হলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।'

গৌরনদী-আগৈলঝাড়ার বেশির

পাওয়ায় আবাদ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। কৃষকদের ভাষ্য, খালের প্রবেশদ্বার দুটি দখলমুক্ত করে পুনঃখনন করা হলে পানির স্বাভাবিক প্রবাহ ফিরবে। এতে জলাবদ্ধতা কমবে, সেচব্যবস্থা উন্নত হবে এবং কৃষি উৎপাদন বাড়বে। একই সঙ্গে কৃষকদের আর্থিক ক্ষতিও কমে আসবে। টরকি এলাকার কৃষক সালাউদ্দিন কাদের বলেন, খালটি দখলমুক্ত ও পুনঃখনন করা হলে আমাদের কৃষিকাজে নতুন গতি আসবে। এখন পানি না থাকায় জমি অনাবাদি পড়ে থাকে, আবার বর্ষায় অতিরিক্ত পানিতে ফসল নষ্ট হয়। আমরা দ্রুত কার্যকর পদক্ষেপ চাই। এ বিষয়ে বরিশাল-১ আসনের সংসদ সদস্য ও তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন এবং গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা ইব্রাহিমের প্রতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন স্থানীয়রা। এলাকাবাসীর প্রত্যাশা, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জরুরি ভিত্তিতে খাল দখলমুক্ত ও পুনঃখননের উদ্যোগ নিলে গৌরনদী-আগৈলঝাড়ার কৃষি আবারও প্রাণ ফিরে পাবে।

রাজাপুরে দাঁড়িপাল্লায় ভোট

(২৩ ফেব্রুয়ারি) ঝালকাঠি আদালতে একটি মামলা দায়ের করেছেন আহত পরিবারের। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মৃত নাজেম আলী মুন্সির ছেলে-মেয়েদের সঙ্গে মৃত আব্দুল বয়াতী ও সুফিন কাজীর ছেলে-মেয়েদের দীর্ঘদিন ধরে জমিজমা সংক্রান্ত বিরোধ চলে আসছিল। এরই ধারাবাহিকতায় সাম্প্রতিক নির্বাচনে বিএনপি জয়লাভের পর নাজেম আলী মুন্সির স্ত্রী সুফিয়া বেগম, তার মেয়ে মরিয়ম বেগম ও তাছলিমা বেগমকে জামায়াতের পক্ষে দাঁড়িপাল্লায় ভোট দেওয়াকে কেন্দ্র করে বিএনপির স্থানীয় নেতা মনির কাজী ও জাকির কাজীর নেতৃত্বে সুমনা, ফাহিমা ও হাসিনাসহ আরও কয়েকজন ওই তিন নারীকে মারধর করে আহত করেন এবং ঘটনাস্থলে ফেলে রেখে যান।পরে ভুক্তভোগী পরিবার জাতীয় জরুরি সেবা নম্বর ৯৯৯-এ কল দিলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং আহতদের উদ্ধার করে রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠায়। চিকিৎসকরা প্রাথমিক চিকিৎসা শেষে সুফিয়া বেগম ও তাছলিমা বেগমকে বাড়িতে পাঠিয়ে দেন। তবে মরিয়ম বেগমের শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাকে হাসপাতালে ভর্তি রাখা হয়েছে। ঘটনাটি এলাকায় উত্তেজনার সৃষ্টি করেছে। পরিস্থিতি শান্ত রাখতে পুলিশ সতর্ক অবস্থানে রয়েছে বলে জানা গেছে। অভিযুক্ত বিএনপি নেতা মনির কাজীর সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি অভিযোগ অস্বীকার করে বলেন, "আমার বিরুদ্ধে আনা সকল অভিযোগ মিথ্যা ও ভিত্তিহীন। পূর্বের জমিজমা বিরোধের জের ধরে আমাকে রাজনৈতিকভাবে হেয়প্রতিপন্ন করতে এ ধরনের অভিযোগ আনা হয়েছে।" এ বিষয়ে রাজাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নজরুল ইসলাম বলেন, "এ ঘটনায় লিখিত অভিযোগ দিলে। বিষয়টি তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।"

বরিশাল দেড় শতাধিক পরিবারের

সমাজে সহমর্মিতা ও মানবিক মূল্যবোধ জাগ্রত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ইফতার সামগ্রী ছিল খেজুর ২ কেজি, চিড়া ২ কেজি, মুড়ি ৩ কেজি, চিনি ৪ কেজি, ইসবগুলের ভূষি, তোকমা, ট্যাং, গুড়া দুধ ১ কেজি, ভেষন, সয়াবিন তেল ৫ লিটার, পিয়াজ ৫ কেজি, রসুন ২ কেজি, ডাল ২ কেজি, ছোলা বুট ২ কেজি ও আলু ৫ কেজি। খাদ্য সামগ্রী পেয়ে খুশি আলমগীর বলেন- মোঃ জসিম উদ্দিন সিআইপির এই মানবিক কর্মসূচির মাধ্যমে খাদ্য সামগ্রী পেয়ে সমাজের নিম্ন আয়ের মানুষ স্বাচ্ছন্দ্যে ইফতার ও সেহরি করতে পারেন।

পিরোজপুরে পরিবারের তিন

করেছেন। অসুস্থরা হলেন: ইন্দুরকানি উপজেলার পাড়েরহাট ইউনিয়নের টগরা গ্রামের এনামুল হক (৫০) তার স্ত্রী মরিয়ম (৪৫) এবং মেয়ে সাবিহা (২০)। ?ভুক্তভোগী এনামুল হকের ছেলে সাজিদ বলেন, সকাল বেলা পাশের বাড়ির লোকজন বাসায় গিয়ে দেখেন পিছনের দরজা খোলা। পরিবারের সবাই অচেতন হয়ে পড়ে আছেন। ঘরের সবকিছু এলোমেলো পড়ে আছে। সবাইকে অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখা তাৎক্ষণিক সবাইকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়। দুর্বৃত্তরা ঘরে থাকা মূল্যবান জিনিসপত্র চুরি করে নিয়ে গেছে। ধারণা করা হচ্ছে, রাতের কোনো এক সময় খাবারে চেতনানাশক মিশিয়ে দিয়েছিলো দুর্বৃত্তরা। ?পিরোজপুর জেলা হাসপাতালের চিকিৎসক শংযুক্তা সাহা বলেন, 'সকালে আমাদের হাসপাতালে তিনজনকে অচেতন অবস্থায় নিয়ে আসা হয়। তাদের প্রাথমিক চিকিৎসা শেষে হাসপাতালে ভর্তি করা হয়েছে। ৭২ ঘন্টা না গেলে অচেতন হওয়ার মূল কারণ জানা যাবে না।' এ বিষয়ে ইন্দুরকানী থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম হাওলাদার বলেন, 'এখন পর্যন্ত ঘটনাটি নিয়ে থানায় কেউ লিখিত অভিযোগ দেননি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।'

ট্রাইব্যুনালের বিচার প্রক্রিয়া প্রশ্নবিদ্ধ করতে

চ্যালেঞ্জ করে বলেন, তাঁর বিরুদ্ধে আনা এসব অভিযোগের স্বপক্ষে সামান্য তথ্য-প্রমাণও কেউ দেখাতে পারবে না। মঙ্গলবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এসব কথা বলেন তাজুল ইসলাম। আওয়ামী লীগ সরকারের পতনের পর পুনর্গঠিত ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন তিনি। তবে বিএনপি সরকার গঠনের পর সোমবার তাঁকে দায়িত্ব থেকে সরিয়ে আমিনুল ইসলামকে দায়িত্ব দেওয়া হয়। এর পর পরই তাজুল ইসলাম ও প্রসিকিউটর গাজী এম এইচ তামিমের বিরুদ্ধে আর্থিক সুবিধা নিয়ে সাবেক আইজি চৌধুরী আব্দুল্লাহ আল মামুন এবং আশুলিয়া থানার সাবেক এসআই শেখ আবজালুল হককে রাজসাক্ষী করার অভিযোগ তুলেছেন অপর প্রসিকিউটর বিএম সুলতান মাহমুদ। তাজুল ইসলাম বিবৃতিতে বলেন, সোমবার ও মঙ্গলবার কিছু গণমাধ্যম এবং সামাজিক মাধ্যমে তাঁর ব্যাপারে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের জনৈক প্রসিকিউটরের বরাতে কিছু বিদ্বেষপ্রসূত ও মিথ্যা তথ্য ছড়ানো হয়েছে। ওই বক্তব্য সমূহ জঘন্য মিথ্যাচার, তথ্য প্রমাণবিহীন এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচার প্রক্রিয়াকে প্রশ্নবিদ্ধ করার দুরভিসন্ধি থেকে করা হয়েছে। উক্ত বিদ্বেষপ্রসূত ও অভিযোগগুলো সর্বতোভাবে মিথ্যা এবং ভিত্তিহীন। ট্রাইব্যুনালে রায় ঘোষিত মামলাগুলোও খতিয়ে দেখবেন নতুন চিফ প্রসিকিউটরট্রাইব্যুনালে রায় ঘোষিত মামলাগুলোও খতিয়ে দেখবেন নতুন চিফ প্রসিকিউট তাজুল বলেন, 'আমি চ্যালেঞ্জ করছি, আমার বিরুদ্ধে আনীত এসব অভিযোগের স্বপক্ষে সামান্য তথ্য প্রমাণও কেউ দেখাতে পারবে না। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আমি এবং প্রসিকিউশন টিমের প্রতিটি পদক্ষেপ ছিল স্বচ্ছ এবং আইনানুগ। আমি মনে করি, পতিত স্বৈরাচার ও গণহত্যাকারীদের বিরুদ্ধে নিষ্পত্তিকৃত এবং চলমান বিচার প্রক্রিয়া থেকে দৃষ্টি ভিন্ন খাতে প্রবাহিত করার জন্য একটি মহল সংঘবদ্ধভাবে এই অপপ্রচার চালাচ্ছে। যাতে এই বিচার আর কোনোভাবে অগ্রসর হতে না পারে।' তাজুল ইসলাম বলেন, 'দায়িত্ব পালনকালে আমার বিরুদ্ধে কোনো প্রশ্ন তোলার সুযোগ কেউ পায়নি। আমি বিদায় নেওয়ায় পর বিশেষ মহল গণহত্যাকারীদের সুবিধা দেওয়ার জন্য এসব ভিত্তিহীন অভিযোগ তুলে বিচার প্রক্রিয়া প্রশ্নবিদ্ধ করার অপচেষ্টা চালাচ্ছে।' সংশ্লিষ্ট সবাইকে এই ধরনের মিথ্যাচার এবং ঘৃণ্য অপতৎপরতা থেকে বিরত থাকতে আহ্বান জানান তাজুল ইসলাম।

আল-জাজিরার প্রতিবেদন, 'ইসরায়েলি

তাঁর বক্তব্যে অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ডে ইসরায়েলের ডানপন্থি ইহুদি বসতি স্থাপনের উদাহরণ টেনে আনেন। জেনারেল সন্দীপ উল্লেখ করেন, ১৯৮৯ সালে ভারতীয় শাসনের বিরুদ্ধে সশস্ত্র আন্দোলন শুরুর পর যে কাশ্মীরি হিন্দুরা উপত্যকা ছেড়ে পালিয়ে গিয়েছিলেন, তাদের পুনর্বাসনে ভারত সরকার একই পথ অনুসরণ করতে পারে। তিনি আরও বলেন, মধ্যপ্রাচ্যে এটা হয়েছে। ইসরায়েলের জনগণ যদি পারে, আমরাও পারবো। মোদী সরকার 'দৃঢ়প্রতিজ্ঞ'। সেসময় কাশ্মীরজুড়ে কঠোর সামরিক অবরোধ ও যোগাযোগ বিচ্ছিন্নতা চলছিল। এর কয়েক মাস আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির হিন্দু জাতীয়তাবাদী সরকার অঞ্চলটির আধা-স্বায়ত্তশাসিত মর্যাদা কেড়ে নেয়, হাজারো মানুষকে গ্রেফতার করে, যাদের মধ্যে কট্টোর ভারতপন্থি নেতারাও ছিলেন। ছয় বছর পর এসে চক্রবর্তীর কথার প্রতিধ্বনি আরও স্পষ্ট। চলতি বছরের ২৫ ফেব্রুয়ারি মোদীর দ্বিতীয় ইসরায়েল সফর সামনে রেখে দুই দেশ এখন শুধু বন্ধুত্ব, বাণিজ্য বা সামরিক সম্পর্কে নয়, অনেক পর্যবেক্ষকের মতে, শাসনব্যবস্থার নানা ক্ষেত্রেও একে অপরের আদর্শে আরও ঘনিষ্ঠভাবে অনুসরণ করছে। বিশ্লেষকদের মতে, মোদীর আমলে ভারত প্রকাশ্যে ইসরায়েলের সঙ্গে ঘনিষ্ঠতা বাড়িয়েছে-ফিলিস্তিনি ইস্যুতে দীর্ঘদিনের অবস্থানকে প্রায় পরিত্যাগ করে। পাশাপাশি ইসরায়েলের নিরাপত্তা ও প্রশাসনিক নীতি থেকে অনেক কৌশল ভারত নিয়ে এসেছে ও ২০১৪ সালে মোদী ক্ষমতায় আসার পর তা দেশীয় নীতিতে প্রয়োগ করেছে। বিশ্লেষকদের মতে, ভারত-ইসরায়েল সম্পর্কের কেন্দ্রে রয়েছে এক যৌথ আদর্শিক অবস্থান। মোদীর দল ভারতীয় জনতা পার্টির (বিজেপি) শিকড় হিন্দুত্ব মতাদর্শে, যা ভারতকে হিন্দু রাষ্ট্রে রূপ দিতে চায় ও বিশ্বব্যাপী সব হিন্দুর জন্য 'স্বাভাবিক মাতৃভূমি' হিসেবে দেখে। ইসরায়েলও নিজেকে একইভাবে ইহুদিদের মাতৃভূমি হিসেবে দেখে। ২০২৩ সালে প্রকাশিত 'হস্টাইল হোমল্যান্ডস: দ্য নিউ অ্যালাইন্স বিটউইন ইন্ডিয়া অ্যান্ড ইসরায়েল' বইয়ের লেখক আজাদ এসা কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরাকে বলেন, মোদীর আমলে ভারত-ইসরায়েল সম্পর্ক এমন দুই মতাদর্শের মিলন, যাদের দৃষ্টিতে নিজেদের সভ্যতার প্রকল্প এবং মুসলমানরা জনসংখ্যাগত ও নিরাপত্তাজনিত হুমকি। তিনি বলেন, তাদের বন্ধুত্ব টিকে আছে কারণ মোদী ও নেতানিয়াহুর লক্ষ্য এক ধরনের। আর তা হলো 'শ্রেষ্ঠত্ববাদী রাজনীতি।' বিশ্লেষকদের মতে, ইসরায়েলি নীতি অনুসরণের সবচেয়ে দৃশ্যমান উদাহরণ হলো মোদীর দল বিজেপির 'বুলডোজার রাজনীতি'। গত এক দশকে বিজেপি শাসিত বিভিন্ন রাজ্যে শত শত মুসলমানের ঘরবাড়ি ও দোকান ভেঙে ফেলা হয়েছে; বহু মসজিদও গুঁড়িয়ে দেওয়া হয়েছে। অধিকাংশ ক্ষেত্রেই কোনো নোটিশ ছাড়া। ধর্মীয় উত্তেজনা বা সরকারবিরোধী বিক্ষোভের পরপরই এসব অভিযান চলে। কখনো কখনো স্থানীয় কোনো তুচ্ছ বিবাদ ধর্মীয় রূপ নিলেও বুলডোজার দিয়ে বসতি ভাঙা হয়েছে। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এখন তার সমর্থকদের কাছে 'বুলডোজার বাবা' নামেও পরিচিত। ইসরায়েল অধিকৃত পশ্চিম তীর ও পূর্ব জেরুজালেমে হাজারো ঘরবাড়ি ভেঙে বসতি স্থাপনের মাধ্যমে যে দখলদারিত্বের কৌশল ফিলিস্তিনিদের বিরুদ্ধে ব্যবহার করেছে, তারই ছায়া দেখা যায় এই 'বুলডোজার নীতিতে'। গাজায় ইসরায়েলের গণহত্যামূলক অভিযানে প্রায় সব ঘরবাড়ি, অফিস, হাসপাতাল, স্কুল ও উপাসনালয় ধ্বংস বা ক্ষতিগ্রস্ত হয়েছে। দক্ষিণ এশিয়ার জাতীয়তাবাদ ও সংঘাত নিয়ে গবেষক সুমন্ত্র বোস বলেন, বিজেপির আদর্শিক সংগঠন আরএসএস প্রজন্মের পর প্রজন্ম ধরে ইসরায়েল-সমর্থনে শিক্ষিত হয়েছে। মোদিও এর অংশ। ইসরায়েলি মডেলকে তারা ভারতের কাঠামোয় বসিয়ে দিচ্ছে। ভারতে সাম্প্রতিক বছরে মুসলমানরা ক্রমবর্ধমান সামাজিক বয়কটের মুখে পড়েছে। বাড়ি ভাড়া পাওয়া কঠিন হয়েছে, স্কুলে মুসলিম শিশুদের হয়রানি বেড়েছে ও হামলার কারণে বহু গ্রাম থেকে এই ধর্মের মানুষেরা পালাতে বাধ্য হয়েছে। ২০২৪ সালের নভেম্বরে ভারতের সুপ্রিম কোর্ট নোটিশ ছাড়া ভাঙচুরকে বেআইনি ঘোষণা করলেও মাঠপর্যায়ে কোনো পরিবর্তন হয়নি। একা আজাদ এসার মতে, ঘরবাড়ি ভাঙা ভারত ও ইসরায়েল উভয়ের কাছে একটি রাজনৈতিক বার্তা: কে দেশটির অংশ, আর কে 'বহিরাগত'। ভারত-ইসরায়েল সম্পর্কের প্রথমভাগেই রয়েছে প্রতিরক্ষা সহযোগিতা। ইসরায়েলি অস্ত্রের সবচেয়ে বড় ক্রেতা হলো ভারত। পাশাপাশি গাজায় চলমান অভিযানে ভারত ইসরায়েলকে অস্ত্রও পাঠিয়েছে। পাশাপাশি ইসরায়েল ভারতীয় সেনাদের প্রশিক্ষণ দিয়েছে, সঙ্গে সরবরাহ করেছে ইউএভি, বিমান প্রতিরক্ষা, উন্নত রাডার ও নজরদারি ব্যবস্থা। এমনকি, ইসরায়েলের নিরাপত্তা নীতির প্রভাব ভারতের অভ্যন্তরীণ রাজনীতিতেও ছড়িয়ে আছে। ২০২৫ সালের ২২ এপ্রিল ভারতশাসিত কাশ্মীরের পাহালগামে বন্দুকধারীর হামলায় ২৬ পর্যটক নিহত হওয়ার পর ভারত পাকিস্তান ও পাকিস্তানশাসিত কাশ্মীরে বিমান হামলা চালায়। চার দিন ধরে দুই পারমাণবিক শক্তিধর দেশের পাল্টাপাল্টি হামলার মধ্যে ভারতীয় সংবাদমাধ্যমের বহু আলোচনায় ইসরায়েলি উদাহরণ উঠে আসে। এক জনপ্রিয় টিভি সঞ্চালক বলেন, ২২ এপ্রিল ভারতের জন্য যা, ৭ অক্টোবর ইসরায়েলের জন্য তাই। এক অতিথি মন্তব্য করেন, আমরা পাকিস্তানকে গাজায় রূপ দিতে চাই। ভারতীয় পুলিশের সাবেক এক শীর্ষ কর্মকর্তা একটি হিন্দি পত্রিকায় বলেন, আমাদের ইসরায়েলের মতো জবাব দিতে হবে। ইসরায়েলি কোম্পানি এনএসও গ্রুপের তৈরি কুখ্যাত স্পাইওয়্যার পেগাসাস ভারতের সঙ্গে বিতর্কিতভাবে যুক্ত। দ্য ওয়ায়ারের সহপ্রতিষ্ঠাতা সিদ্ধার্থ ভারদারাজনসহ ভারতের বেশ কয়েকজন সাংবাদিককে এই স্পাইওয়্যার দিয়ে নজরদারির অভিযোগ ওঠে, যা কি না ভারতের সঙ্গে ইসরায়েলের একটি গোপন প্রতিরক্ষা চুক্তির অংশ ছিল। ভারদারাজন বলেন, এই প্রযুক্তি একটি স্মার্টফোনকে ব্যক্তিগত গুপ্তচর যন্ত্রে পরিণত করতে পারে। গোপনে ভিডিও, অডিও ও ছবি সংগ্রহ করতে পারে। তিনি যোগ করেন, ইসরায়েলের এই মডেল সম্ভাব্য বিরোধীদের ওপর সর্বক্ষণ নজরদারি চালাতে অত্যন্ত কার্যকর আর মোদী সরকার এটি অত্যন্ত আগ্রহ নিয়ে গ্রহণ করেছে। ভারতের সুপ্রিম কোর্ট একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করলেও সরকার সহযোগিতা না করায় পেগাসাস ব্যবহারের বিষয়টি নিশ্চিত করা যায়নি। তবু ভারদারাজনের মতে, ভারত দমননীতির বহু কৌশল সহসাই গ্রহণ করেছে। ইন্টারনেট নিষেধাজ্ঞায় ভারত এখন গণতান্ত্রিক দেশের মধ্যে শীর্ষ স্থানে। বিভিন্ন আন্তর্জাতিক সূচকে ভারতের গণতান্ত্রিক মানও ক্রমাগত নিচে নেমেছে। তিনি বলেন, ইসরায়েল যে পদ্ধতি দখলকৃত জনগোষ্ঠীর বিরুদ্ধে ব্যবহার করে, একই নীতি এখন মোদী সরকার দেশের নিজস্ব নাগরিকদের বিরুদ্ধেও প্রয়োগ করছে। এটাই সবচেয়ে দুঃখজনক।

প্রধানমন্ত্রীর ১০ উপদেষ্টা কে কোন দায়িত্ব পেলেন

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রীর মন্ত্রী ও প্রতিমন্ত্রী পদমর্যাদায় ১০ জন উপদেষ্টাদের মধ্যে দপ্তর বণ্টন করেছে সরকার। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) দপ্তর বণ্টন করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে?। মন্ত্রী পদমর্যাদার পাঁচজন উপদেষ্টার মধ্যে তিনজনকে রাজনৈতিক উপদেষ্টার দায়িত্ব দেওয়া হয়েছে। তারা হলেন মির্জা আব্বাস উদ্দিন আহমেদ, নজরুল ইসলাম খান ও রুহুল কবীর রিজভী আহমেদ। মন্ত্রী পদমর্যাদার অন্য দুই উপদেষ্টার মধ্যে মো. ইসমাইল জবিউল্লাহ জনপ্রশাসন ও রাশেদ আল মাহমুদ তিতুমীর অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন। প্রতিমন্ত্রী পদমর্যাদার পাঁচজন উপদেষ্টাকে বিভিন্ন মন্ত্রণালয় ও ক্ষেত্রে দায়িত্ব দেওয়া হয়েছে। তাদের মধ্যে হুমায়ুন কবিরকে পররাষ্ট্র মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়; বিগ্রেডিয়ার জেনারেল (অব.) শামসুল ইসলামকে প্রতিরক্ষা মন্ত্রণালয়; ডা. জাহেদ উর রহমানকে পলিসি ও স্ট্রাটেজি; মাহদী আমিনকে শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়; রেহান আসিফ আসাদকে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টার দায়িত্ব দেওয়া হয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশের বেশি আসনে জয়লাভ করে গত ১৭ ফেব্রুয়ারি বিকেলে সরকার গঠন করে বিএনপি। ৫০ সদস্যবিশিষ্ট মন্ত্রিসভায় ২৫ জন মন্ত্রী ২৪ জন প্রতিমন্ত্রী রয়েছেন। এর মধ্য দিয়ে ২০ বছর পর চতুর্থবারের মতো সরকার গঠন করলো বিএনপি। প্রথমবারের মতো প্রধানমন্ত্রী হলেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। ওইদিনই মন্ত্রী ও প্রতিমন্ত্রী পদমর্যাদায় ১০ জনকে প্রধানমন্ত্রীর উপদেষ্টা নিয়োগ দেওয়া হয়।

ট্রাইব্যুনালের রায় হওয়া মামলা খতিয়ে দেখা হবে: চিফ প্রসিকিউটর

কীর্তনখোলা ডেস্ক

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে যেসব মামলার রায় হয়েছে, সেগুলোতে কোনো অনিয়ম পাওয়া গেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর অ্যাডভোকেট মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, ট্রাইব্যুনালে যেসব মামলার রায় এরই মধ্যে হয়েছে, সেগুলোর সবগুলো এখনো পর্যালোচনা করা সম্ভব হয়নি। তবে পর্যায়ক্রমে সব রায়ের নথি পরীক্ষা করে দেখা হবে। বিচার সম্পন্ন হওয়া মামলাগুলোর ফাইলে যদি কোনো অসংগতি বা অনিয়ম পাওয়া যায়, সে ক্ষেত্রে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ নিতে হলে নেবো। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) চিফ প্রসিকিউটরের কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। সাংবাদিকরা জানতে চান, এরই মধ্যে যেসব মামলার রায় হয়েছে, সেগুলো পুনরায় ট্রায়ালে আনার কোনো সুযোগ আছে কি না। এ প্রশ্নের জবাবে চিফ প্রসিকিউর বলেন, বিষয়টি তিনি খতিয়ে দেখবেন এবং আইনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। আমিনুল ইসলাম বলেন, ট্রাইব্যুনালে এরই মধ্যে ২৪টি মামলার আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করা হয়েছে। ২১টিতে বিচার চলছে। ব্যক্তিগতভাবে আমি এ কেসগুলোর বিষয়বস্তু এখনো দেখিনি। আমি বিষয়টি পর্যালোচনা করবো, ফরমাল চার্জগুলো ঠিক হয়েছে কি না, ইনভেস্টিগেশনগুলো যথার্থ হয়েছে কিনা, সবকিছু দেখবো। যদি কোনো বিষয়ে আমার কাছে মনে হয় যে, তদন্ত যথাযথ হয়নি। আমি বিশ্বাস করি হয়েছে সবকিছুই। এ রকম কোনো ত্রুটি-বিচ্যুতি যদি আমার কাছে পরিলক্ষিত হয়, তাহলে আইনানুযায়ী পদক্ষেপ নেবো। সদ্য বিদায়ী চিফ প্রসিকিউটরের নেতৃত্বাধীন টিমের ব্যাপারে তিনি বলেন, আমি তো তাদের অনেকটা সাফল্যই দেখতে পাচ্ছি, কারণ এরই মধ্যে ২৪ মামলার আনুষ্ঠানিক অভিযোগ দাখিল হয়েছে, যার মধ্যে ২১টি বিচার পর্যায়ে আছে। আমি খোঁজ নিয়ে দেখেছি আরও অনেকগুলো মামলা ইনভেস্টিগেশনে আছে এবং তারা কাজ করে যাচ্ছে। কাজ করার ক্ষেত্রে ভুল বা অনিয়ম হলে আমরা দেখবো। কিন্তু একেবারে কাজ হয়নি এটা বলা ঠিক হবে না, এটা অবিচার হবে। তিনি বলেন, আমরা চাই আইনানুযায়ী এ ট্রাইবুনালটা পরিচালিত হোক এবং গতি বৃদ্ধি পাক, আরও স্বচ্ছতার সঙ্গে এ ট্রাইবুনালের কার্যক্রম পরিচালিত হোক। ট্রাইবুনালে জুলাই বিপ্লবের আকাঙ্ক্ষা অনুযায়ী, যাতে এ মামলাগুলোর দ্রুতবিচার নিষ্পত্তি হয়, সে বিষয়ে আমরা (প্রসিকিউশনে) আলাপ-আলোচনা করেছি, কীভাবে মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করানো যায়। আমরা একমত হয়েছি, এ মামলাগুলো খুব দ্রুতই বিচারকার্য যাতে শুরু হয়, সে বিষয়ে আমরা প্রয়োজনীয় পদক্ষেপ নেবো। প্রসিকিউটর তামিমের বিরুদ্ধে উত্থাপিত দুর্নীতির অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, এসব অভিযোগ আমাকে তদন্ত করে দেখতে হবে, আমি সুস্পষ্টভাবে বলতে চাই, প্রসিকিউশনের কেউ কোনো ধরনের করাপশনে জড়িত থাকলে, তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে। আমরা প্রমাণ করে দেবো যে, এ ট্রাইব্যুনাল সম্পূর্ণরূপে করাপশন ফ্রি, এখানে আন্তর্জাতিক মানের বিচার হচ্ছে। এখানে বিচারের বাইরে অন্য কোনো আলোচনা আমরা প্রশ্রয় দেবো না।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ২৫ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১২ ফাল্গুন ১৪৩২

আল-জাজিরার প্রতিবেদন, 'ইসরায়েলি মডেলে' কাশ্মীর চালাচ্ছে মোদীর ভারত

কীর্তনখোলা ডেস্ক

২০১৯ সালের নভেম্বর, নিউইয়র্কে এক বেসরকারি অনুষ্ঠানে ভারতশাসিত কাশ্মীরে 'ইসরায়েলি মডেল' প্রয়োগের আহ্বান জানানোর সময় ক্যামেরাবন্দি হয়েছিলেন ভারতের তৎকালীন কনসাল জেনারেল সন্দীপ চক্রবর্তী। চক্রবর্তী ৩ এর পাতায় দেখুন

ট্রাইব্যুনালের বিচার প্রক্রিয়া প্রশ্নবিদ্ধ করতে মিথ্যা তথ্য ছড়ানো হয়েছে: তাজুল ইসলাম

কীর্তনখোলা ডেস্ক

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সদ্য বিদায়ী চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম বলেছেন, বিচার প্রক্রিয়াকে প্রশ্নবিদ্ধ করতে তাঁর বিরুদ্ধে মিথ্যা তথ্য ছড়ানো হয়েছে। অভিযোগগুলো সর্বতোভাবে মিথ্যা এবং ভিত্তিহীন। তিনি ৩ এর পাতায় দেখুন

তজুমদ্দিনে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে গ্রেফতার ৩

ভোলা প্রতিনিধি

ভোলার তজুমদ্দিন উপজেলায় ধর্মীয় অনুষ্ঠান (কীর্তন) থেকে বাড়ি ফেরার পথে প্রতিবন্ধী নারীকে (২৬) সংঘবদ্ধ ধর্ষণের ঘটনায় মূল হোতা মো. রাকিব (৩০)-সহ তিন আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তাররা হলেন উপজেলার চাঁদপুর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের শশীগঞ্জ এলাকার মো. ছালেমের ছেলে মো. রাকিব (৩০) ও একই এলাকার আবদুল মন্নানের ছেলে মো. জুয়েল (৩৫) এবং উপজেলার মাওলানাকান্দি এলাকার মো. আলীর ছেলে আল আমিন সম্রাট (২০)। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সকালে ভোলার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো. ইব্রাহীম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়। প্রেস বিজ্ঞপ্তিতে অতিরিক্ত পুলিশ সুপার মো. ইব্রাহীম জানান, গত রবিবার (২২ফেব্রুয়ারি) দিবাগত রাতে ভুক্তভোগী নারী তজুমদ্দিন উপজেলার চাঁদপুর ইউনিয়নে একটি ধর্মীয় অনুষ্ঠান (কীর্তন) দেখে বাড়ি ফেরার পথে আসামিরা তাকে প্রলোভন দেখিয়ে অটোরিকশায় উঠিয়ে অজ্ঞাত স্থানে নিয়ে পালাক্রমে ধর্ষণ ৩ এর পাতায় দেখুন

গভর্নরকে সমালোচনার ৮ দিনের মাথায়

বাংলাদেশ ব্যাংকের তিন কর্মকর্তাকে বরিশালসহ তিন স্থানে বদলি

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন সিদ্ধান্তের প্রতিবাদ ও গভর্নর আহসান এইচ মনসুরকে 'স্বৈরাচার' বলেছিলেন বাংলাদেশ ব্যাংকের তিন কর্মকর্তা। আট দিনের মাথায় মঙ্গলবার ওই তিন কর্মকর্তাকে ঢাকার বাইরে বদলি করা হয়েছে। এর আগে তাদের কারণ দর্শানো নোটিশ দেওয়া হয়। তিন কর্মকর্তা হলেন বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের পরিচালক নওশাদ মোস্তফা, বাংলাদেশ ব্যাংক অফিসার্স ওয়েলফেয়ার কাউন্সিলের সভাপতি এ কে এম মাসুম বিল্লাহ ও সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা। এর মধ্যে নওশাদ মোস্তফাকে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয় থেকে বরিশাল অফিস, মাসুম বিল্লাহকে রংপুর ও গোলাম ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে পরিবারের তিন সদস্যকে অজ্ঞান করে লুটপাট

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরের ইন্দুরকানীতে একই পরিবারের তিনজনকে অজ্ঞান করে ঘরের মূল্যবান মালামাল লুটের অভিযোগ উঠেছে। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) ভোর রাতে উপজেলার পাড়েরহাট ইউনিয়নের টগরা গ্রামে এ ঘটনা ঘটে। ইন্দুরকানী থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. শামীম হাওলাদার বিষয়টি নিশ্চিত ৩ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরে জলদস্যু আতঙ্ক নৌ টহল জোরদারের দাবি

বরগুনা প্রতিনিধি

গভীর বঙ্গোপসাগরে জলদস্যুদের হামলা থামছেই না। সুন্দরবন সংলগ্ন নারিকেলবাড়িয়া এলাকায় মাছ ধরতে গিয়ে পাথরঘাটার দুই জেলে গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় উপকূলজুড়ে চরম উদ্বেগ তৈরি হয়েছে। জেলেরা বলছেন, সাগরে নামা মানেই এখন জীবন হাতে নিয়ে যাত্রা। গত ২১ ফেব্রুয়ারি দিবাগত রাতে নারিকেলবাড়িয়া এলাকায় মাছ ধরার সময় একটি ট্রলারে অতর্কিত গুলি চালায় দস্যুরা। এতে নুর আলম খান (৪০) ও শাহজাহান মিয়া (৩৮) গুলিবিদ্ধ হন। আহতদের প্রথমে কলাপাড়া হাসপাতালে নেওয়া হয়, পরে উন্নত চিকিৎসার জন্য পাঠানো হয় শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে। ট্রলারটির বিভিন্ন স্থানে গুলির চিহ্ন পাওয়া গেছে, যা হামলার ভয়াবহতা প্রমাণ করে। স্থানীয় জেলেদের ভাষ্য অনুযায়ী, গভীর সাগর ও সুন্দরবনসংলগ্ন জলসীমায় দীর্ঘদিন ধরেই সক্রিয় রয়েছে একাধিক জলদস্যু চক্র। কখনও জিম্মি করে মুক্তিপণ আদায়, কখনও মাছ ও জাল লুট, আবার কখনও সরাসরি গুলি ৩ এর পাতায় দেখুন

বরিশাল দেড় শতাধিক পরিবারের মাঝে ইফতার বিতরণ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর দেড় শতাধিক অসহায় পরিবারের মাঝে ইফতার ও খাদ্য সামগ্রী বিতরণ করেছে মোঃ জসিম উদ্দিন সিআইপি। সোমবার (২৩ ফেব্রুয়ারি) দুপুরে তিনি নিজে উপস্থিত থেকে এসব ইফতার সামগ্রী বিতরণ করেন। মোঃ জসিম উদ্দিন সিআইপি বলেন, অসহায় পরিবারের মাঝে ইফতার ও খাদ্য সামগ্রী বিতরণের উদ্যোগ নেওয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় দেড় শতাধিক অসহায় পরিবারের মাঝে ইফতার সামগ্রী বিতরণ করা হলো। মহান সৃষ্টিকর্তার নৈকট্য লাভ ও পবিত্র মাহে রমজানে তারা সেহরি-ইফতার করতে পারে সেজন্যও আমাদের এই উদ্যোগ। আগামীতেও আমাদের এ কার্যক্রম চালু থাকবে। স্থানীয় সুশীল সমাজও উদ্যোগটিকে সাধুবাদ জানিয়েছে। তাদের মতে, এমন কার্যক্রম ৩ এর পাতায় দেখুন

ইউপি সদস্যের বাড়ি থেকে গভীর রাতে ৬টি গরু চুরি

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুর উপজেলায় এক ইউপি সদস্যের বাড়ি থেকে রাতের আঁধারে ৬টি গরু চুরির ঘটনা ঘটেছে। এ ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। জানা গেছে, উপজেলার নিজামিয়া শানু মেম্বারের বাড়ি থেকে গভীর রাতে এসব গরু চুরি হয়। চুরি হওয়া গরুগুলোর মধ্যে রয়েছে ৩টি লাল অস্ট্রেলিয়ান ফ্রিজিয়ান জাতের গরু এবং ৩টি কালো গরু। লাল গরুগুলোর মধ্যে ২টি বাছুর একটির বয়স মাত্র ৭ দিন এবং অপরটির বয়স প্রায় দেড় বছর। কালো গরুগুলোর মধ্যে একটি প্রায় দেড় বছরের কিছু বেশি বয়েসি এবং একটি ১ মাস বয়েসি বাছুর রয়েছে। ভুক্তভোগী পরিবার জানায়, রাতে গোয়ালঘরে গরুগুলো রেখে তারা ঘুমিয়ে পড়েন। ভোরে উঠে গোয়ালঘরে গিয়ে গরু না দেখে বিষয়টি টের ৩ এর পাতায় দেখুন

ইয়াবাসহ আটক যুবলীগ নেতার কামড়ে এসআই আহত

কাঁঠালিয়া প্রতিনিধি

ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলায় ইয়াবা উদ্ধারের অভিযানে মাদক কারবারি চেঁচিরামপুর ইউনিয়ন যুবলীগের সদস্য সুজন হাওলাদারের (৩০) কামড়ে পুলিশের এক উপ-পরিদর্শক (এসআই) আহত হয়েছেন। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে কাঁঠালিয়া থানা পুলিশের একটি দল উপজেলার চেঁচরী ইউনিয়নের সোহরাব মাস্টারের বাড়ির সামনের সড়কে অভিযান পরিচালনা করে। অভিযানে ৮ পিস ইয়াবাসহ সুজন হাওলাদারকে গ্রেফতার করা হয়। অভিযানটি পরিচালনা করেন কাঁঠালিয়া থানার এসআই রতন চন্দ্র হালদার। পুলিশ জানায়, গ্রেফতারের সময় ৩ এর পাতায় দেখুন

চাঁদার টাকা ভাগাভাগি নিয়ে বিএনপি'র দু'গ্রুপের সংঘর্ষ

বরগুনা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটায় বিএফটিসি মৎস্য বাজারের চাঁদার টাকা ভাগ নিয়ে স্বেচ্ছাসেবক দলের দুই গ্রুপের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় স্থানীয়রা শামীম নামের একজনকে আটক করে পুলিশের দিয়েছে। মঙ্গলবার দুপুর দুইটার দিকে পাথরঘাটা পৌরশহরের লঞ্চঘাট এলাকার ব্রিজের পাশের বাইপাস সড়কে এ ঘটনা ঘটে। আটক শামীম হোসেন কালমেঘা ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের মাছেরখাল এলাকার মোঃ মজিবর মিয়ার ৩ এর পাতায় দেখুন

কলাপাড়া রিপোর্টার্স ক্লাব'র উদ্যোগে ইফতার

কলাপাড়া প্রতিনিধি

কলাপাড়া রিপোর্টার্স ক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়েছে। পবিত্র মাহে রমজান উপলক্ষে মঙ্গলবার পৌর শহরের চায়না পার্ক রেষ্টুরেন্টে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। রিপোর্টার্স ক্লাব'র আহ্বায়ক এস কে রঞ্জন'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পটুয়াখালী-৪ আসনের সংসদ সদস্য ও বিএনপি'র কেন্দ্রীয় কমিটির প্রশিক্ষণ বিষয়ক ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে দাঁড়িপাল্লায় ভোট দেয়ায় তিন নারীকে মারধর

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে বাংলাদেশ জামায়াতে ইসলামি-এর নির্বাচনী প্রতীক দাঁড়িপাল্লায় ভোট দেওয়াকে কেন্দ্র করে তিন নারীকে পিটিয়ে আহত করার অভিযোগ উঠেছে বিএনপি সমর্থিত নেতাকর্মীদের বিরুদ্ধে। এ ঘটনায় সোমবার ৩ এর পাতায় দেখুন

লালমোহনে সেঁচ প্রকল্প জবর দখল ঝুঁকিতে ৫০ একর ইরি আবাদ

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহন উপজেলায় বিএডিসির লাইসেন্সধারী মো. ইউসুফের একটি সেচ প্রকল্প (স্কিম) জোরপূর্বক দখল করে পানি সেঁচ বন্ধ রাখার অভিযোগ উঠেছে স্থানীয় প্রভাবশালী নাগর মাতুব্বর ও তার দুই ছেলে মো. জোবায়ের ও মো. মাসুমের বিরুদ্ধে। এতে গত ১০ দিন ধরে পানি না পেয়ে প্রায় ৫০ একর জমির অর্ধশতাধিক কৃষকের ইরি ধানের আবাদ হুমকির মুখে পড়েছে। অভিযোগ সূত্রে জানা যায়, ১২ ফেব্রুয়ারি দিবাগত রাতে উপজেলার কালমা ইউনিয়নের লেজছকিনা গ্রামের একতা বাজার সংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে। ইউসুফ দাবি করেন, ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) থেকে লাইসেন্স নিয়ে তিনি নিজ জমিতে সেচ প্রকল্প স্থাপন করেন এবং দীর্ঘদিন ধরে কৃষকদের ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ

গৌরনদী প্রতিনিধি

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট) ৩য় পর্যায় (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় "বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে উদ্বুদ্ধকরণ" বিষয়ক ২ (দুই) দিন মেয়াদি প্রশিক্ষণ মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০টায় গৌরনদী উপজেলা পরিষদ সভাকক্ষে উদ্বোধন করা হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-০১) ড. গাজী মো. সাইফুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ইব্রাহিম। বিশেষ অতিথি ছিলেন গৌরনদী প্রেসক্লাবের সভাপতি ও ৩ এর পাতায় দেখুন

বাউফলে বিএনপি নেতার বিরুদ্ধে স্থানীয়দের বিক্ষোভ

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলার নদীবেষ্টিত চন্দ্রদ্বীপ ইউনিয়নে স্থানীয় এক বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগে বিক্ষোভ করেছেন স্থানীয়রা। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সকালে এই কর্মসূচিতে প্রায় পাঁচ শতাধিক বাসিন্দা অংশ নেন। এর সংবাদ সম্মেলন ও মানববন্ধন করেন তারা। প্রায় দেড় ঘণ্টাব্যাপী ওই মানববন্ধনে ভুক্তভোগীরা তাদের হয়রানি, অত্যাচার ও নির্যাতনের অভিযোগ করেন। এসময় অভিযোগ ৩ এর পাতায় দেখুন

গৌরনদী-আগৈলঝাড়ার বেশির ভাগ খাল বেদখল, হুমকিতে কৃষি

আশরাফুল ইসলাম আমিন, গৌরনদী

বরিশালের গৌরনদী উপজেলার টরকি থেকে চেংগুটিয়া-বাশাইল খাল এবং গয়নাঘাট এলাকায় আড়িয়ালখাঁ নদীর পানিপ্রবাহের প্রবেশমুখ দীর্ঘদিন ধরে দখল ও ভরাট হয়ে থাকায় চরম সংকটে পড়েছেন স্থানীয় কৃষকরা। খালগুলোর নাব্যতা হারিয়ে যাওয়ায় একদিকে বর্ষায় জলাবদ্ধতা, অন্যদিকে শুষ্ক মৌসুমে সেচ সংকট দুই দিক থেকেই বিপাকে কৃষিরা। সোমবার সকাল ১১টায় টরকি বন্দরের এলাকাবাসী খাল ও নদীর প্রবেশমুখ দখলমুক্ত এবং দ্রুত পুনঃখননের দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেন। কর্মসূচিতে অংশ নেয়া কৃষকরা জানান, টরকি থেকে বাশাইল এবং গয়নাঘাট থেকে রাজিহার পর্যন্ত খালের বেশিরভাগ অংশই ভরাট হয়ে গেছে। ফলে বর্ষা মৌসুমে পানি নিষ্কাশন ব্যাহত হয়ে বিস্তীর্ণ এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। আবার শুকনো মৌসুমে পর্যাপ্ত সেচের পানি না ৩ এর পাতায় দেখুন

হিজলায় গাঁজাসহ পুলিশের হাতে নুরুল হক রুবেল নামের দুই ব্যক্তিকে আটক করা হয়েছে। আটককৃত রুবেলকে একশ টাকা ও ১৮ মাসের জেল এবং নুরুল হককে দশ হাজার টাকা ও ১ বছরের কারাদন্ড দেওয়া হয় -কীর্তনখোলা

ফের দাম কমেছে এলপি গ্যাসের

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) নতুন সিদ্ধান্তের প্রেক্ষাপটে চলতি মাসে দ্বিতীয় দফায় তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম নির্ধারণ করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) ঘোষিত নতুন মূল্য অনুযায়ী, প্রতি ১২ কেজি সিলিন্ডারে দাম কমছে ১৫ টাকা। উৎপাদন পর্যায়ে মূসক প্রত্যাহার করে আমদানি পর্যায়ে আরোপের ফলে মূল্যে এই সমন্বয় করা হয়েছে, যা মঙ্গলবার সন্ধ্যা থেকেই ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com